নিষ্পেষিত মানুষগুলি যেন ঐ প্রভুরূপী মানুষদের শ্রম দিতে বাধ্য হয় সেজন্য তাদের জমিজমা, বিষয় সম্পত্তি সবকিছু কেড়ে নেওয়া হতো। ফলে নিরুপায় হয়ে তারা বংশ পরম্পরায় প্রভুরূপী মানুষের শ্রমদাসত্ব স্বীকার করে নিত। আদম (আ.) থেকে শুরু করে শেষ নবী (দ.) পর্যন্ত আল্লাহ যুগে যুগে যে দীন পাঠিয়েছেন তার মূল রূপ চিরকালই ছিল অনন্য ভারসাম্যপূর্ণ। এই ভারসাম্য নষ্ট করে আত্মা হারিয়ে ফেলার কারণেই সমাজের যাবতীয় অন্যায় অশান্তি সূত্রপাত হয়েছে। শুধু দাস প্রথাই নয়, ভারসাম্যহীনতা থেকেই সৃষ্টি হয়েছে মানবজাতির সবচেয়ে বড় শত্রু, সবচেয়ে বড় ফেতনা- ইহুদি খ্রিস্টান বস্তুবাদী 'সভ্যতা' দাজ্জালের।

আরবের ঐতিহাসিক প্রেক্ষাপটে ইসলামের নবযুগ সূচনা

দাস হিসেবে মানুষ বেচা-কেনা মানবসমাজের একটি প্রাচীনতম ব্যবসা। আল্লাহর শেষ রসুল যখন আবির্ভূত হলেন তখনও আরবের একটি বড় ব্যবসা ছিল দাস ব্যবসা। আফ্রিকার বিভিন্ন দেশ থেকে কৃষ্ণাঙ্গদেরকে বন্দী করে, জাহাজ ভর্তি করে সারা পৃথিবীর বিভিন্ন দেশে তাদেরকে বিক্রি করা হতো। কেবল আফ্রিকান কৃষ্ণাঙ্গই নয়, যুদ্ধবন্দীদেরকেও দাসদাসী হিসাবে বিক্রি করে দেওয়া হতো হরদম। যেহেতু বিভিন্ন দেশের বাণিজ্য কাফেলাকে মক্কার উপর দিয়ে যেতে হতো তাই মক্কাও ছিল দাসব্যবসার একটি বড় কেন্দ্র। এই দাসদের দুঃখ দুর্দশা যে কি অবর্ণনীয় তা বর্ণনা করে হাজার হাজার বই লেখা হয়েছে। আমরা সেদিকে যাচ্ছি না, শুধু এটুকু বললেই যথেষ্ট হবে, যে সমাজে সেবাকে দাসত্বে রূপান্তরিত করা হয় সেই সমাজ একটা জাহান্নাম, অপরদিকে যে সমাজে মানুষ পরস্পরকে ভালোবেসে সেবা করে যায়, অন্যকে সাহায্য করে, দান করে, খাইয়ে নিজেদেরকে ধন্য মনে করে সেটাই হচ্ছে প্রকৃত ইসলামের সমাজ। সুতরাং ইসলামের সমাজব্যবস্থাই প্রকৃতপক্ষে সেবাভিত্তিক, আর বর্তমানে দাজ্জালের তৈরি সিস্টেমের মাধ্যমে জোর করে শ্রম আদায় করার ভিত্তিতে যে ব্যবস্থা গড়ে উঠেছে সেটাই হচ্ছে প্রকৃত দাসভিত্তিক সমাজ ও রাষ্ট্রব্যবস্থা।

cgvY: আল্লাহর রসুলের স্ত্রী আম্মা খাদিজা (রা.) খুব ধনাঢ্য ছিলেন। জাহেলি যুগে তিনি আরবের বাজার থেকে একটি দাস কিনেছিলেন, যার নাম ছিল যায়েদ ইবনে হারিসা। হুজুর পাক (দ.) এর সাথে বিয়ের পর তিনি যায়েদকে (রা.) স্বামীর সেবায় নিয়োগ করলেন। সঙ্গে সঙ্গে রসুলাল্লাহ (দ.) যায়েদকে Avhv` করে দিলেন। কিন্তু যায়েদ (রা.) রসুলাল্লাহর সঙ্গ ত্যাগ করতে রাজি হলেন না। মহানবী (দ.) তখনও নবী হন নি। যায়েদের (রা.) বাবা চাচারা তাকে খুঁজতে খুঁজতে মহানবীর (দ.) কাছে আসলেন। মোহাম্মদ (দ.) বললেন, 'সে তো এখন মুক্ত, আপনারা তাকে নিয়ে যেতে পারেন।' কিন্তু যায়েদ (রা.) বললেন উল্টো কথা। তিনি বাবা চাচা কে বললেন, 'আপনারা ফিরে যান, আমি যাবো না। আমি তাঁর কাছেই থাকতে চাই।' সহজেই অনুমেয় যে যায়েদ (রা.) এর আচরণ কোনো দাসের আচরণ ছিল না। প্রকৃতপক্ষে তিনি মহানবীর (দ.) আচরণে ও ব্যবহারে এতটাই মুগ্ধ ছিলেন এবং নবী হিসাবে তাঁর প্রতি ঈমান এতই নিখাঁদ ছিল যে, জীবনের শেষ দিন পর্যন্ মহানবীর (স.) সাথে ছায়ার মত অনুবর্তী ছিলেন।

আনাস (রা.) যখন বালক ছিলেন তখন তাঁর মা ছেলেকে এই বলে রসুলাল্লাহর (দ.) কাছে তুলে দিলেন যে, 'ইয়া রসুলাল্লাহ! ও আপনার কাছে থাকবে এবং আপনার সেবা করবে।' এমন কথা কি কেউ কোনোদিন শুনেQ যে, একজন মা তার সন্তানকে এনে কারও দাসত্বে নিযুক্ত করেছে? ইতিহাস কখনো বলে না যে আনাস (রা.) রসুলাল্লাহর (দ.) দাস ছিলেন, বলা হয় খাদেম। খাদেম মানেই সেবক। আনাস (রা.) জীবনের একটা পর্যায়ে এসে ধনে, জনে, জ্ঞানে এত সমৃদ্ধ হলেন মানুষ দূর দূরান্ থেকে তাঁর কাছ থেকে imjvjvহর (দ.) জীবন সম্পর্কে, ইসলাম সম্পর্কে শিক্ষা গ্রহণ করতে আসত। তিনি রসুলাল্লাহর (দ.) জুতাগুলো পর্যন্ পরম শ্রদ্ধায় পরিষ্কার করে দিতেন যা ছিল প্রকৃত সেবা, দাসত্ব নয়। এরপরে ওমর (রা.) এর উদাহরণ আছে যা অকল্পনীয়। মদীনা থেকে যেরুজালেম প্রায় ১৩০০ কিলোমিটার পথ যার অধিকাংশই ছিল মরুভূমি। এই দীর্ঘ পথযাত্রায় ওমরের (রা.) সঙ্গী

ছিলেন একজন ব্যক্তি যাকে ইতিহাসে দাস বলে উল্লেখ করা হয়। কিন্তু এ কেমন দাস ছিলেন যাকে মনিব উটের পিঠে উঠিয়ে উটের রশি ধোরে উত্তপ্ত মরুর বালুকারাশির উপর দিয়ে পথ চলেন? আল্লাহর রসুল বলেছিলেন, 'তোমাদের অধীনস্থরা তোমাদের ভাই'। ইসলাম যে দাসকে ভাইয়ের মর্যাদা প্রদান করেছে তার উত্তম উদাহরণ হলো দ্বিতীয় খলিফার এই ইতিহাস। তাই দাস শব্দটি ইসলামের ক্ষেত্রে মোটেই প্রযোজ্য নয়। ইসলামে কোনো দাস দাসীর কোনো ব্যবস্থা নাই। ইসলামের আইন হলো, জোরপূর্বক কাউকে কোনো কাজে বাধ্য করা যাবে না, বাধ্য করলে সে দণ্ডিত হবে। আল্লwn হচ্ছেন মালেকুল মুলক, রাজ্য-সাম্রাজ্যের মালিক, মালিকিন্নাস (মানুষের প্রভু), মা'বুদ (যার দাসত্ব করতে হয়), একমাত্র রাব্বুল আলামীন (সৃষ্টি জাহানের একচ্ছত্র প্রভু)। সুতরাং কোনো মানুষ প্রকৃত অর্থে যেমনি কখনও কারও প্রভু ev gwjK (Master, Lord) হতে পারে না, তেমনি কেউ কারও দাস ev গোলামও (Slave, Servant) হতে পারে না। কেবল সেবক, অনুচর, mvnvh¨Kvix, KgPvix (Attendant, Helper, Employee) হতে পারে। এবং সেই সেবক বা অনুচরদের সম্পর্কেই রসুলাল্লাহ বলেছেন, 'তোমরা যা খাও তাদের কে তাই খাওয়াবে, তোমরা যা পরো তাদের কে তাই পরাবে, অসুস্থ হলে তাদেরকে সেবা করবে।' হুজুরের এই কথাগুলি নিছক উপদেশ ছিল না, এগুলি ছিল উম্মাহর প্রতি তাঁর হুকুম। এবং সকল আসহাবগণ রসুলের এই হুকুম অক্ষরে অক্ষরে পালন করে গিয়েছেন। রসুলাল্লাহর শিক্ষাপ্রাপ্ত উম্মতে মোহাম্মদীর কেউ কোনো সেবককে নির্যাতন করেছেন এমন একটি দৃষ্টান্ও ইতিহাসে পাওয়া যাবে না। একRb e¨w³i অধীনে একজন সেবক কাজ করবে কি করবে না, তা সিদ্ধান্ নেওয়ার পূর্ণ স্বাধীনতা তার থাকত। কোনো সেবক তার মালিকের দ্বারা নির্যাতিত হয়ে শাসকের কাছে নালিশ জানালে ন্যায়বিচার পেত। খলিফা ওমরের (রা.) একজন খ্রিস্টান সেবক ছিল যে বহু বছর খলিফার সঙ্গে ছিল কিন্তু ইসলাম

গ্রহণ করে নি। তাকে খলিফা নিজে বহুবার ইসলাম গ্রহণের আহ্বান জানিয়েছেন কিন্তু সে তার ধর্ম পরিবর্তন করে না। সুতরাং ইসলামে সেবকদের ধর্মীয় স্বাধীনতাও ছিল অবারিত।

অপরদিকে পৃথিবীতে যখনই বৈষয়িক উদ্দেশ্য ও মানবিকতার ভারসাম্য নষ্ট হয়েছে তখনই মানুষ নিজেকে মালিক, প্রভু আর অধীনস্থদের দাস মনে করেছে। এগুলো একদিনে হয় নি, আস্তে আস্তে ক্রমান্বয়ে অসম্ভব এক নির্যাতনের দিকে পৌঁছেছে। যখন মানুষ ভেবেছে যে, আমি সকল জবাবদিহিতার উর্ধ্বে, বিধানের উর্ধ্বে, তখন সে চরম স্পর্ধায় নিজেই প্রভু হয়ে দাঁড়িয়েছে, তখনই সে তার অধীনস্থদের গলায় শিকল লাগিয়ে, চামড়া পুড়িয়ে মার্কা দিয়ে, কথায় কথায় চাবুক পেটা করে, নাক কেঁটে, বস্ত্রহীন রেখে, দিনের পর দিন অনাহারে রেখে পশুর খোয়াড়ে বাস করতে বাধ্য করেছে।

ইসলাম দাস প্রথাকে বিলুপ্ত করেছে

ইসলামবিদ্বেষীরা ইসলামের উপর যে অপবাদগুলি আরোপ করে থাকে তার মধ্যে একটি বড় অপবাদ হচ্ছে, ইসলামে নাকি দাসপ্রথাকে উৎসাহিত করা হয়েছে, এখানে যুদ্ধবন্দীদের ক্রীতদাসরূপে এবং যুদ্ধবন্দিনীদের যৌনদাসীরূপে ব্যবহার করা যায়। এই ধারণাটি এত সর্বব্যাপী যে ইসলামের আলেমরাও এই ধারণাকেই অনেকাংশে মেনে নিয়েছেন, তারা বিষয়টি অস্বীকার করতে পারেন না কারণ ইসলাম-বিদ্বেষীরা পবিত্র কোর'আনের বেশ কিছু আয়াত তাদের বক্তব্যের পক্ষে উল্লেখ করেন এবং দেখিয়ে দেন যে, সত্যিই ইসলামে দাসপ্রথা আছে এবং 'গনিমত হিসাবে প্রাপ্ত দাসীদেরকে' উপপত্নীরূপে ব্যবহার করার অনুমতিও রয়েছে। তাদের এইসব যুক্তির উপযুক্ত জবাব দিতে ব্যর্থ আলেমরা ইসলামের অবমাননায় ক্ষুণ্ন হয়ে দুর্বল কণ্ঠে বলার চেষ্টা করেন যে, হ্যাঁ, দাসপ্রথা আছে বটে, কিন্তু তাদেরকে যে অধিকার দেওয়া হয়েছে সেগুলি আইয়ামে জাহেলিয়াতের চেয়ে অনেক বেশি। আসলে বিষয়টি তা নয়, প্রকৃত সত্য হলো, ইসলামে জোরপূর্বক শ্রমব্যবস্থা বা

দাস ব্যবস্থাই নেই, তাই দাসদের অধিকার দেওয়ার প্রসঙ্গও আসে না। অধিকার দেওয়ার কথা সেবকদের, দাসদের তো মুক্ত করেই দিতে বলা হয়েছে। আমরা এই ভুল ধারণাটি ভেঙ্গে দিয়ে এ প্রসঙ্গে প্রকৃত ইসলামের সঠিক দৃষ্টিভঙ্গিটি তুলে ধোরতে চাই। প্রচলিত কোর'আনে এ প্রসঙ্গে আল্লাহ কয়েকটি পরিভাষা ব্যবহার করেছেন। ইসলামিক ফাউন্ডেশনের আরবি-evsjv অভিধান মোতাবেক সেই পরিভাষাগুলির সঠিক অর্থগুলি এখানে দেয়া হলো।

(1) ivKvevZ: µxতদাস, ঘাড়ে দড়ি বাঁধা (১০৪৭ পৃঃ ১ম খণ্ড) সুতরাং সরল অর্থে রাকাবাত হচ্ছে ক্রীতদাস যার কোনো স্বাধীনতা থাকে না। তাকে জোরপূর্ব কাজে লাগানো হয়, বা এমন ব্যবস্থা কায়েম করা হয় যে, সে ইচ্ছার বিরুদ্ধে দাসত্বের শৃঙ্খল পরতে বাধ্য হয়।

(2) gvjvKvZ Avqgvb: মালাকাত অর্থঃ মানুষের ভিতরগত গুণ বা যোগ্যতা, প্রতিভা, আমি তার পূর্ণ মালিক (৮৪২ পৃঃ ২য় খণ্ড), আর আয়মান অর্থঃ ডানদিক, সৌভাগ্য, শক্তি, সামর্থ্য (১১০১ পৃঃ ২য় খণ্ড)। সুতরাং মালাকাত আয়মান অর্থ যারা ন্যায়সঙ্গতভাবে, স্বপ্রণোদিত হয়ে নিজেদের ভিতরকার গুণ, যোগ্যতা, প্রতিভা সবকিছু সহকারে সামর্থ্যবানের অধিকারভুক্ত হq| অনুবাদকরা কেউ কেউ একে অনুবাদ করেছেন, 'তোমাদের ডান হস্ত যাদেরকে অধিকার করিয়াছে'। এই অনুবাদ পূর্ণ অর্থ প্রকাশ করে না, স্বেচ্ছায় আনুগত্য স্বীকারের ধারণাটি এতে অনুপস্থিত থাকে।

(3) Ave`: দাস, ক্রীতদাস, গোলাম, উপাসক, সেবক, বান্দা, চাকর, দাসত্বে wbôvevb `vm, hvi wcZvgাতাও দাস, বংশগত চাকর, নির্ভেজাল চাকর। এই শব্দটি আল্লাহ মানুষের ক্ষেত্রে বহুবার ব্যবহার করেছেন।

(4) AvgvZ: `vmx, ewv`, cwiPwiKv|

বিস্ময়কর বিষয় হলো, কোর'আনের অনুবাদকরা আল্লাহর ব্যবহৃত এই সবগুলি শব্দেরই প্রায় একই অনুবাদ করেছেন শুধুমাত্র 'দাস-`vmx'| GUv নিঃসন্দেহে ভুল অনুবাদ, কারণ সবগুলি শব্দের যদি একই অর্থ হতো, তাহলে আল্লাহ নিশ্চয়ই আলাদা আলাদা শব্দ ব্যবহার না করে একটি শব্দই ব্যবহার

করতেন। এবার কোর'আনের এ সংক্রান্ত আয়াতগুলি লক্ষ করি। এখানে ইসলামিক ফাউন্ডেশন কৃত কোর'আনের অনুবাদ উল্লেখ করা হয়েছে।

১. পূর্ব ও পশ্চিম দিকে তোমাদের মুখ ফিরানোতে কোনো পূণ্য নাই; কিন্তু পূণ্য আছে কেহ আল্লাহ, পরকাল, মালায়েকগণ, সমস্ত কেতাব এবং নবীগণে ঈমান আনয়ন করিলে এবং আল্লাহ প্রেমে আত্মীয় স্বজন, পিতৃহীন, অভাবগ্রস্ত, পর্যটক, সাহায্যপ্রার্থীগণকে এবং দাসমুক্তির জন্য অর্থ দান করিলে, সালাহ কায়েম করিলে ও যাকাত প্রধান করিলে এবং প্রতিশ্রুতি দিয়া তাহা পূর্ণ করিলে, অর্থ সংকটে, দুঃখ-ক্লেশে ও সংগ্রাম সংকটে ধৈর্য ধারণ করিলে। ইহারাই তাহারা যাহারা সত্যপরায়ণ এবং ইহারাই মোত্তাকী (বাকারা- 177)|

wk¶v: এ আয়াতে শব্দ ব্যবহৃত হয়েছে রাকাবাত। যখন দাস ক্রয় বিক্রয় প্রচলিত ছিল সেই যুগে দাসদের কিনে নিয়ে মুক্ত করে দেওয়ার জন্য Avjvn এই আয়াতে মো'মেনদের উৎসাহিত করছেন। আবু বকর (রা.) সহ আরও অনেক সাহাবী কাফেরদের কাছ থেকে দাসদের ক্রয় করে নিয়ে আযাদ করে দিয়েছেন, বেলাল (রা.) ছিলেন সেই মুক্তদাসদের অন্যতম যিনি ছিলেন রসুলাল্লাহর সার্বক্ষণিক সহচর এবং যাকে রসুলাল্লাহ মোয়াজ্জেন হিসাবে সম্মানিত করেছিলেন। কাজেই যেখানে দাসদের মুক্ত করে দেওয়াকে পুণ্যের কাজ বলা হয়, সেই দাসদেরকে আবার মো'মেনদের অধীনস্থ করে রাখার কথা আল্লাহ বলতে পারেন না।

২. মোশরেক নারীকে ঈমান না আনা পর্যন্ত তোমরা বিবাহ করিও না। মোশরেক নারী তোমাদিগকে মুগ্ধ করিলেও, নিশ্চয়ই মো'মেন কৃতদাসী তাহা অপেক্ষা উত্তম। ঈমান না আনা পর্যন্ত মোশরেক পুরুষের সহিত তোমরা বিবাহ দিও না, মোশরেক পুরুষ তোমাদিগকে মুগ্ধ করিলেও, মো'মেন কৃতদাস তাহা অপেক্ষা উত্তম (বাকারা- 221)|

wk¶v: এ আয়াতে আল্লাহ 'আমাতু মো'মেনাতুন', 'আবদে মো'মেন' শব্দ দু'টি ব্যবহার করেছেন যার অর্থ মো'মেন কৃতদাসী এবং মো'মেন কৃতদাস। অনেকে তখনও রসুলাল্লাহর প্রতি ঈমান এনে মো'মেন মো'মেনা হয়েছিলেন

কিন্তু কাফেরদের দাসত্ব থেকে মুক্ত হন নি। এই সব বন্দীদের সম্মান ও মর্যাদা মোশরেকদের চেয়ে অনেক ঊর্ধ্বে। এমন কি মো'মেনদের সমাজেও hviv cwiPviK-পরিচারিকা বা সেবকের কাজ করে থাকে মোশরেক বিয়ে করা থেকে তাদেরকে বিয়ে করা উত্তম। উপরন্তু, এ আয়াতে আল্লাহ উক্ত পরিচারিকাদেরকে বিয়ে করে স্ত্রী হিসাবে গ্রহণ করার পক্ষে মত প্রকাশ করেছেন, উপপত্নি হিসাবে গ্রহণ করতে বলেন নি।

৩. তোমরা আল্লাহর এবাদত করিবে ও কোনো কিছুকে তাঁহার শরিক করিবে bv; Ges wcZv-gvZv, AvZ¥xq-¯Rb, GqvZxg, AfveM¯, wbKU-প্রতিবেশী, `i-প্রতিবেশী, সঙ্গী-সাথী, মুসাফির ও তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীদের প্রতি সদ্ব্যবহার করিবে। নিশ্চয়ই আল্লাহ পছন্দ করেন না দাম্ভিক, অহংকারীকে (wbmv- 36)|

wk¶v: আল্লাহ এক্ষেত্রে শব্দ ব্যবহার করেছেন মালাকাত আয়মান যার অর্থ যারা স্বেচ্ছায় নিজেদের মন প্রাণ মো'মেনের সেবায় সমর্পিত করেছেন। এই ব্যক্তি আর ক্রীতদাস কি এক তাৎপর্য বহন করে? মালাকাত আয়মান তার এই সেবাকর্মে নিয়োজিত থাকা বা না থাকার ব্যাপারে পূর্ণ স্বাধীন।

৪. যাহারা নিজেদের স্ত্রীগণের সহিত জেহার (নিজের স্ত্রীকে মায়ের সঙ্গে তুলনা করা) করে এবং পরে উহাদের উক্তি প্রত্যাহার করে, তবে একে অপরকে স্পর্শ করিবার পূর্বে একটি দাস মুক্ত করিতে হইবে, ইহা দ্বারা তোমাদিগকে উপদেশ দেওয়া যাইতেছে। তোমরা যাহা কর আল্লাহ তাহার খবর রাখেন (সুরা মুজাদালা- ৩)। [আরও দেখুন সুরা বালাদ- 13, 14, miv নেসা- ৯২, সুরা মায়েদা- 89]

wk¶v: শব্দ ব্যবহৃত হয়েছে রাকাবাত। নিজের স্ত্রীকে মায়ের সঙ্গে তুলনা করা একটি গর্হিত কাজ। এই কাজের জন্য আল্লাহ কাফফারা ঠিক করলেন একজন রাকাবাত বা ক্রীতদাস মুক্ত করা। পাপ স্খলনের জন্য প্রায়শ্চিত্যরূপে যে কাজটি করার নির্দেশ আল্লাহ দিচ্ছেন সেই কাজ নিঃসন্দেহে একটি পুণ্যের কাজ। অনেক সাহাবীরই জাহেলি যুগের কেনা ক্রীতদাস ছিল। আল্লাহর

অভিপ্রায় হচ্ছে পৃথিবীর সকল মানুষ হবে পরম স্বাধীন, তাই তিনি দাসমুক্তির জন্য মো'মেনদেরকে উৎসাহিত করলেন এবং মুক্তির বিভিন্ন পথ দিলেন, তার মধ্যে কাফফারা একটি। মো'মেন হত্যা করার জন্যও, বৃথা শপথের জন্য `vmg³ (ivKvevZ) Kivi weavb Avjvn দিয়েছেন।

৫. আল্লাহ জীবনোপকরণে তোমাদের কাহাকেও কাহারও উপর শ্রেষ্ঠত্ব দিয়াছেন। যাহাদিগকে শ্রেষ্ঠত্ব দেওয়া হোইয়াছে তাহারা তাহাদের অধীনস্থ `vm-দাসীদিগকে নিজেদের জীবনোপকরণ হোইতে এমন কিছু দেয় না যাহাতে উহারা এ বিষয়ে তাহাদের সমান হইয়া যায়। তবে কি উহারা আল্লাহর নেয়ামত অস্বীকার করে? (নাহল- 71)

wk¶v: আয়াতে ব্যবহৃত "মালাকাত আয়মান" শব্দটির প্রকৃত অর্থ দাস-`vmx নয়, এর অর্থ স্বেচ্ছা-সমর্পিত সেবক। এই সেবকদেরকে দান করার ব্যাপারে কোনোরূপ কার্পণ্য যেন না করা হয় সে বিষয়ে আল্লাহ মো'মেনদেরকে এ আয়াতে সাবধান করেছেন। এমনভাবে তাদেরকে জীবনোপকরণ থেকে দান করেতে বলেছেন যেন তারাও পার্থিব সম্পদে তার মনিবের সমকক্ষ হয়ে গেলেও কার্পণ্য না করা হয়।

৬. হে মো'মেনগণ! তোমাদিগের মালিকানাধীন দাস-`vmxMY Ges তোমাদিগের মধ্যে যাহারা বয়ঃপ্রাপ্ত হয় নাই তাহারা যেন তোমাদিগের কক্ষে প্রবেশ করিতে তিন সময়ে অনুমতি গ্রহণ করে, ফজরের সালাতের পূর্বে, দ্বিপ্রহরে যখন তোমরা তোমাদিগের পোশাক খুলিয়া রাখ তখন এবং এশার সালাতের পর; এই তিন সময় তোমাদিগের গোপনীয়তার সময়। এই তিন সময় ব্যতিত অন্য সময়ে বিনা অনুমতিতে প্রবেশ করিলে তোমাদিগের জন্য ও তাহাদের জন্য কোনো দোষ নাই। তোমাদিগের এককে অপরের নিকট তো যাতায়াত করিতেই হয়। এমনি করিয়া আল্লাহ তোমাদিগের নিকট তাঁহার নির্দেশ সুস্পষ্টভাবে বিবৃত করেন। তিনি সর্বজ্ঞ, প্রজ্ঞাময় (নূর- 58)|

wk¶v: মালাকাত আয়মানরাও মো'মেনদের পরিবারের অন্তf³| H wZb একান্ত গোপনীয়তার (চৎরাধপু) সময় ছাড়া সব সময় গৃহের সর্বত্র

যাতায়াতের জন্য অনুমতি আল্লাহ দিয়েছেন। এই অধিকার ক্রীতদাসদের ক্ষেত্রে কল্পনাও করা যায় না।

উল্লেখিত আয়াতগুলি থেকে এটা নিঃসন্দেহে প্রমাণিত যে, ইসলামে দাসপ্রথা নেই, যেটা আছে সেটা সম্মতিপূর্বক সেবাদান। আল্লাহর দেওয়া জীবন-ব্যবস্থায় কী অপূর্ব সমন্বয়! একদিকে জাহেলি যুগে যে দাস-দাসীদেরকে জোর করে আনা হয়েছিল অর্থাৎ রাকাবাত, তাদেরকে বিভিন্ন পন্থায় মুক্ত করে দিতে বলা হয়েছে, অপরদিকে মানুষ যেহেতু মানুষের সাহায্য সহযোগিতা ছাড়া চলতে পারবে না, কাজেই যারা স্বেচ্ছায় কারও সেবা দান, শ্রমদান করার জন্য নিয়োজিত হয় (মালাকাত আয়মান), তাদেরকে এমনভাবে জীবনোপকরণ থেকে দান করতে বলা হয়েছে যেন সম্পদে, রেযেকে তার সমান হয়ে গেলেও কার্পণ্য না করা হয়। পৃথিবীর কোনো ব্যবস্থায় এমন অপূর্ব নিয়ম নেই। ক্রীতদাস আর মালাকাত আয়মানের মধ্যে আকাশ-cvZvj পার্থক্য। গলায় দড়ি পরিয়ে বাধ্য করে কাজ করানো, আরেকটি মনপ্রাণ, AvZ¥v mg¯কিছু সমর্পণ করে সেবা করা। এই দু'টি শব্দের wK GKB A_ হতে পারে? সুতরাং যারা কোর'আন অনুবাদ করেছেন তাদের অবশ্যই উচিত ছিল আল্লাহর ব্যবহৃত শব্দগুলোর প্রকৃত অর্থ দিয়ে অনুবাদ করা। তা না করে তারা উভয়টিই দাস হিসাবে অনুবাদ করেছেন। অবশ্য এর পেছনেও একটি সুগভীর কারণ রয়েছে যা বুঝতে হলে এই উম্মাহ সৃষ্টির উদ্দেশ্য সম্পর্কে mস্পষ্ট ধারণা থাকতে হবে।

কেন এই বিভ্রান্তি

হেদায়হ (সঠিক পথ নির্দেশনা) ও সত্যদীন দিয়ে আল্লাহ আখেরী নবী বিশ্বনবী মোহাম্মদ (স.) কে পাঠিয়েছেন তিনি যেন এটাকে অন্য সমস্ দ্বীনের, জীবনব্যবস্থার উপর প্রতিষ্ঠা করেন। (তওবা, ৩৩, ফাতাহ ২৮, সফ ৯)। এই হেদায়াহ হলো আল্লাহর তওহীদ, আল্লাহর সাবভৌমত্ব, লা এলাহা এল্লাল্লাহ

অর্থাৎ আল্লাহ ছাড়া জীবনের সর্ব অঙ্গনে অন্য কারো হুকুম না মানা। আর দ্বীনুল হক (সত্য জীবনব্যবস্থা) হলো ঐ হেদায়াহর উপর প্রতিষ্ঠিত, আইন, wewb, nvivg-হালাল, বৈধ-অবৈধ, জায়েজ-নাজায়েজ ইত্যাদি। মানব জাতির সামগ্রিক জীবনে অন্যায়, সুবিচার, এককথায় শান্তি cwZôvi Rb¨ gnvbex তাঁর আসহাবদের নিয়ে সংগ্রাম শুরু করলেন তাঁর জীবদ্দশায় সমস্ত জাজিরাতুল আরবে আল্লাহর দেওয়া সত্যদীন কায়েম হলো। তিনি এই দুনিয়া থেকে বিদায় নেওয়ার পর সংগ্রাম করে এই সত্যদীনকে মানবজীবনে প্রতিষ্ঠা করার দায়িত্ব এসে পড়ল তাঁর উম্মাহর উপর। উম্মতে মোহাম্মদী তাদের Dci AwcZ `wqZ cvjb Kivi Rb¨ A_vr Avjvni `xb cwZôvi msMvg করার লক্ষ্যে নিজেদের বাড়িঘর, সহায় সম্পত্তি, স্ত্রী-পুত্র, ক্ষেত-Lvgvi BZvw` বিসর্জন দিয়ে দুনিয়ার দিকে বেরিয়ে পড়ল। মাত্র কয়েক বছরের মধ্যে অর্ধ পৃথিবীতে এই সত্যদীন প্রতিষ্ঠা করল, মোটামুটি ৬০/৭০ বছর পর্যন্ত Pjj Gক অখণ্ড জাতি হয়ে মানবজীবন থেকে সর্বরকম অন্যায়, অবিচার দূর করে ন্যায় সুবিচার অর্থাৎ শান্তি cwZôvi msMvg| Gi ciB msMvg Z¨vM Kiv হলো। দীন প্রতিষ্ঠার জেহাদ ত্যাগ করে অন্যান্য রাজা বাদশাহদের মত শান-শওকতের সঙ্গে রাজত্ব করতে আরম্ভ করল। এই সংগ্রাম- যেটা করার জন্যই এই উম্মতে মোহাম্মদীকে সৃষ্টি করা হয়েছিল এবং যা হচ্ছে রসুলাল্লাহর (দ.) প্রকৃত সুন্নাহ এবং যা ত্যাগ করলে কেউ প্রকৃত উম্মতে মোহাম্মদী থাকেন না। কিন্তু ঐতিহাসিক সত্য হলো এই যে, মহানবীর (দ.) পর ৬০/৭০ বছর পর্য্যন্ত ঐ সংগ্রাম 'জেহাদ' চলেছিল এবং তারপর তা বন্ধ করা হয় এবং উমাইয়া খলিফারা নামে খলিফা থেকেও আসলে পৃথিবীর আর দশটা রাজা-ev`kvni gZ kvb-শওকতের সঙ্গে রাজত্ব করা আরম্ভ করেন।

যখন মহানবীর আসহাবরা দুনিয়া থেকে চলে গেছেন, প্রকৃত মো'মেনরা চলে গেছেন তখন সেই আরবদের অনেকের মধ্যেই প্রাচীন জাহেলিয়াত মাথাচাড়া দিয়ে উঠেছিল। সেই মুহূর্তে তাদের হাতে অর্ধ-`wbqv, j¶ j¶ gvbl তাদের আনুগত্য করছে। তারা আবার নিজেদেরকে ধারণা করতে শুরু

করেছিল মানুষের মালিক, প্রভু বলে। রসুলাল্লাহ যে জাহেলিয়াতের কবর দিয়েছিলেন, তারা সুযোগ পেয়েই আবার সেই জাহেলিয়াত অর্থাৎ দাসত্বব্যবস্থা, জোর করে ইচ্ছার বিরুদ্ধে মানুষকে দিয়ে কাজ করানোর ceYZv BZ¨াদি ফিরিয়ে আনল। তথাকথিত খেলাফতের সময় তাগুত রাজা-বাদশাহদের মত ভোগবিলাসে মত্ত শাসকেরা যে জাহেলি ব্যবস্থাকে কবর থেকে তুলে এনেছিল, আজও তাদের উত্তরসুরী অহঙ্কারী আরব শেখরা সমগ্র দুনিয়া থেকে শ্রমিক আমদানী করে জোর করে শ্রম আদায় করে সে ব্যবস্থাকে জিইয়ে রেখেছে। তাদের এই শ্রমদাস সরবরাহ করার জন্য তৃতীয় বিশ্বের দরিদ্র দেশগুলিতে ম্যানপাওয়ার ব্যবসা জমজমাট। উপরন্তু কোনো অপরাধ করলে এই শ্রমিকদেরকে পূর্ণ শাস্তি ভোগ করতে হয়, কিন্তু তাদের দেশের প্রভাবশালী, অর্থশালীরা একই অপরাধ করে লঘুদণ্ডে মুক্তি পেয়ে যায়। যখন কোর'আনের অনুবাদ করা শুরু হয় তখন সেই অনুবাদকদের সামনে আল্লাহ রসুলের প্রকৃত ইসলামটি নেই, আছে আরব শেখদের বিকৃত করা শিয়া, সুন্নী আর উমাইয়া আব্বাসীয় মোফাস্সেরদের ইসলাম। সেই বিকৃত ইসলামগুলিই wQj Abev`K-আলেম, মোফাসসেরদের জ্ঞানের পরিসীমা। ফলে তারা যুদ্ধবন্দী, গনিমত, রাকাবাত, মিলকুল আয়মান সব কিছুর একটি অ_B জানেন, আর সেটা হচ্ছে 'দাস-দাসী'। অবশ্য উমাইয়া, আব্বাসীয় রাজা বাদশাহরা তাদের অধীনস্থদের প্রতি আচরণের ক্ষেত্রে আল্লাহ-রসুলের বেঁধে দেওয়া সীমানা মেনে চলেন নি। তারা রসুলের জীবনাদর্শ ভুলে যান। সেই অনুবাদকেরা দয়া করে যদি একবার রসুলাল্লাহর জীবনের দিকে তাকান তবে দেখতে পাবেন, আল্লাহর রসুল এই দাসত্ব প্রথাকে নির্মূল করার জন্য আজীবন কী সংগ্রামটাই না করে গেছেন। এই সংগ্রাম কেবল যে কাফেরদের বিরুদ্ধে তা নয়, এটা ছিল বিশ্বময় প্রতিষ্ঠিত একটি সিস্টেমের বিরুদ্ধে, যা শতাব্দীর পর শতাব্দী ধোরে মানুষের মন মগজে শেকর গেঁড়ে বসে ছিল। তিনি ক্রীতদাস যায়েদকে (রা.) মুক্ত করলেন। যায়েদ মুক্তি পেয়েও তাঁর সাথেই রইলেন। এরপর রসুল যায়েদকে নিজের ছেলে বলে ঘোষণা দিলেন, বললেন

যায়েদ (রা.) তাঁর সম্পদের উত্তরাধিকার। এটা ছিল কোরায়েশদের মিথ্যা আভিজাত্যের দেয়ালে এক প্রচণ্ড আঘাত। চারিদিকে ছি ছি পড়ে গেল, কী! গোলামকে ছেলে বলে ঘোষণা দিল মোহাম্মদ! রসুল বিচলিত হলেন না, নিজ সিদ্ধান্তে অটল রইলেন। এ হলো নবী হওয়ার আগের কথা। নবী হওয়ার পরে তিনি নিজ ফুফাতো বোন জয়নাবের (রা.) সঙ্গে যায়েদকে (রা.) বিয়ে দিলেন। তাদের বিয়ে টিকল না, যার অন্যতম কারণ জয়নাব (রা.) রসুলাল্লাহর ইচ্ছার প্রতি সম্মান দেখিয়ে যায়েদকে (রা.) স্বামী হিসাবে গ্রহণ করলেও তিনি যায়েদের পূর্ব পরিচয় ভুলতে পারেন নি। রসুলাল্লাহ খেয়াল করেছেন যে, তাঁর উম্মাহর মধ্যে অনেকেই যায়েদকে (রা.) তখনও ভিন্নভাবেই দেখে। এরপর রসুল চূড়ান্ত সিদ্ধান্ত নিলেন। তিনি যায়েদকে (রা.) মু'তার যুদ্ধের সেনাপতি নিয়োগ দিলেন। তাঁর অধীনে যুদ্ধে প্রেরণ করলেন পুরো জাতিকে যার মধ্যে কোরায়েশসহ বড় বড় সম্ভ্রান্ত বংশীয় অনেক সাহাবিই ছিলেন। যায়েদকে (রা.) সেনাপতি নিয়োগ দেওয়ার পর অনেকেই সন্তুষ্টচিত্তে বিষয়টি মেনে নিতে পারল না, বিশেষ করে মোনাফেকরা জাতির ভিতরে জোর তৎপরতা চালাল যে, একজন দাসকে সকলের আমীর করা হলো? এটা কেমন কথা? এসব কথা শুনে রসুলাল্লাহ প্রচণ্ড রাগ করলেন এবং সবাইকে মসজিদে নববীতে ডেকে সাবধান করে দিলেন।

মু'তা যুদ্ধে যায়েদ (রা.) শহীদ হন। রসুলাল্লাহ তাঁর এন্তেকালের স্বল্পকাল আগে সেই যায়েদ (রা.) এর পুত্র ওসামা এবনে যায়দ এবনে হারিসাকে (রা.) wmwiqv-wdjw¯নের দারুস ও জর্দানের অন্তর্গত বালকা' সীমান্ত অঞ্চলে অভিযান পরিচালনার নির্দেশ দেন। এটা ছিল রসুলাল্লাহর জীবদ্দশায় সর্বশেষ অভিযান। প্রবীণ মোহাজেরগণের প্রায় সকলেই ওসামা (রা.) এর বাহিনীতে তালিকাভুক্ত হন। কতিপয় লোক তাঁর নেতৃত্ব সম্পর্কে বিরূপ সমালোচনা করেন। তাদের মন্তব্য ছিল, প্রবীণ আনসার ও মোহাজেরদের Dci GZ তরুণ একজনকে অধিনায়ক করা হয়েছে। তাদের মূল আপত্তি ছিল, ওসামা একজন ক্রীতদাসের পুত্র। এসব আলোচনা শুনে রসুল মাথায় পট্টি বাঁধা

অবস্থায় দু'জনের কাঁধে ভর করে মসজিদে যান এবং সকলকে ডেকে আবারও বলেন, 'হে সমবেত লোকেরা! তোমরা ওসামার যুদ্ধাভিযান কার্যকর কর। আমার জীবনের শপথ! তোমরা যদি তার নেতৃত্ব নিয়ে কথা বলে থাক, তবে এর আগে তোমরা তার পিতার নেতৃত্বের ব্যাপারে তো কথা তুলেছিলে। অথচ সে নেতৃত্বের যোগ্যই বটে, যেমন তার পিতাও এর যোগ্য ছিল। সে আমার নিকট অধিকতর পছন্দনীয়; আর তার পরে এই ওসামাও আমার নিকট অধিকতর প্রিয়।' রসুলের এই কথার পর সব গুঞ্জন থেমে যায়।

এভাবে আল্লাহর রসুল একটি প্রতিষ্ঠিত ব্যবস্থাকে উপর্যুপরি আঘাতে চুরমার করে দিয়ে গেছেন। বর্তমান পৃথিবী দাজ্জালের অধীন, পশ্চিমারা এখন বিজয়ী জাতি। যেহেতু বিজয়ীরাই ইতিহাস লেখে তাই যে বিজয়ীদের মধ্যে আল্লাহর ভয় নেই তাদের লেখা ইতিহাস সব সময় সত্য বলে না। এ কারণেই পাশ্চাত্য দাজ্জালি সভ্যতার অনুসারীরা আমাদেরকে শেখায় যে প্রেসিডেন্ট আব্রাহাম লিঙ্কন ১৮৬৩ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের দাস প্রথার অবসান ঘটান এবং মুক্তি ঘোষণার (Emancipation Proclamation) মাধ্যমে দাসদের চিরস্থায়ীভাবে মুক্ত করে দেন। সেই আব্রাহাম লিঙ্কনের স্বপ্নের গণতন্ত্রই আজ cজিবাদী রূপ নিয়েছে। মানবজাতির মধ্যে সৃষ্টি করেছে বিরাট ভারসাম্যহীনতা। গুটিকয়েক লোক অকল্পনীয় অর্থের মালিক হয়ে জঘন্য ভোগবিলাসে লিপ্ত, অর্থ খরচ করার পথ পাচ্ছে না। অপরদিকে বিরাট জনগোষ্ঠী বাধ্য হয়ে জীবন রক্ষার জন্য দাসত্বের অদৃশ্য শৃঙ্খল গলায় পরে আছে। এই দাসত্বের প্রধান একটি রূপ বিশ্বময় ভোগবাদী পণ্যের বাজার সৃষ্টি করার মাধ্যমে চাপিয়ে দেওয়া কর্পোরেট দাসত্ব। নিয়োগকর্তা মালিকপক্ষের অন্যায়, জুলুম, বঞ্চনার বিরুদ্ধে শ্রমিক শ্রেণির ক্ষোভ, অসন্তোষ চূড়ান্ত রূপ ধারণ করেছে। সুযোগ পেলেই সহিংসতা ও বিক্ষোভের আকারে প্রকাশ ঘটে সেই সঞ্চিত ক্ষোভের। শ্রমিকদের এই বিক্ষোভগুলিকে জোর করে দাবিয়ে রাখা হয়, পেটানো হয়, মেরে ফেলা হয়।

প্রেসিডেন্ট আব্রাহাম লিঙ্কন মার্কিন যুক্তরাষ্ট্রে দাস প্রথার অবসান ঘোষণা করেন। সেই মার্কিনরাই এখন পৃথিবীর অন্যান্য দেশগুলিকে জোরপূর্বক নিজেদের দাসে পরিণত কোরে রেখেছে। এক বিশ্বব্যবস্থার নামে কায়েম কোরেছে নব্য `vmc_v| এর ১৪৭ বছর পর ২০০৯ সনে প্রথম অর্ধ-কৃষ্ণাঙ্গ ব্যক্তি হিসাবে প্রেসিডেন্ট নির্বাচিত হন বারাক হোসেন ওবামা। তার বিরুদ্ধে নির্বাচনপূর্ব প্রচারণায় সবচেয়ে বেশি উচ্চারিত হয়েছে তার এই অশ্বেতাঙ্গ পরিচয় যা প্রমাণ করে যে সভ্যজগৎ এখনও যথেষ্ট বর্ণবাদী। সেখানে আজও বহু কৃষ্ণাঙ্গ নির্যাতিত।

---

wKন্তু ইসলাম এর ঠিক বিপরীত। স্বেচ্ছায়, উভয়পক্ষের সম্মতিতে, সেবা প্রদানের মানসে শ্রম প্রদানই হচ্ছে ইসলামের নীতি। মানবজাতির রহমতস্বরূপ আবির্ভূত মহানবী নিজের জীবনে বাস্বে প্রয়োগ করে এবং তাঁর Abmvixivl Zv ev¯বায়ন করে কিভাবে দাসপ্রথা (জোরপূর্বক শ্রম আদায়) ব্যবস্থা চিরতরে নির্ম্মল করলেন তা আর এই জাতিকে জানতে দেওয়া হলো

না। মক্কা বিজয়ের পর ক্বাবা প্রাঙ্গণে দাঁড়িয়ে তিনি দাসপ্রথার বিলুপ্তি ঘোষণা করেন। সেই ঐতিহাসিক ভাষণটি সংক্ষেপে তুলে ধোরছি।

মক্কা বিজয়ের পর কা'বা প্রাঙ্গণে রসুলাল্লাহর ভাষণ

হে মানুষ! আমি তোমাদেরকে হেদায়াত (পথ নির্দেশ) কোরছি যে, সেবকদের সাথে ভালো ব্যবহার করো। তাদেরকে কষ্ট দিও না। তোমরা কি অবগত নও যে, তাদের কাছেও এমন এক হৃদয় রয়েছে যা কষ্ট পেলে ব্যথিত হয় এবং আরামে খুশী হয়? তোমাদের কি হলো যে, তোমরা তাদের হৃদয়ের সন্তুষ্টি বিধান করো না? আমি লক্ষ্য কোরছি, তোমরা তাদেরকে হীন মনে করো এবং তাদের অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করো না। এটা কি? এটা কি জাহেলিয়াতের অহঙ্কার নয়? নিঃসন্দেহে এটা যুলুম ও বে-Bbmvdx|

আমি জানি, জাহেলিয়াতের যুগে তাদের কোনো মর্যাদা ছিল না। পশুর চেয়েও তাদেরকে অধম মনে করা হতো। সর্বত্র আমীর ও গোত্র-m`vi iv m¤§vb I কর্তৃত্বের মালিক সেজে বসেছিল। আল্লাহর বান্দারা এ কথা ভুলে গিয়েছিল যে, মানুষ হিসাবে সবাই সমান এবং তোমাদের খেদমত-কারীরাও এনসাফের অধিকারী। সেটা ছিল এমন এক যুগ, যখন আমীর ওমরাহ এবং শাসকবর্গ তাদেরকে মানবীয় স্তরের ঊর্ধ্বে মনে করত। নিজেদেরকে নিষ্পাপ ঘোষণা কোরত। তাদের দৃষ্টিতে খাদেমদের জীবনের উদ্দেশ্য ছিল শুধুমাত্র মনিবদের খেদমত করা এবং তাদের যুলুম সহ্য করা। মনিবদের সাথে কাজের লোকদের বসা নিষিদ্ধ ছিল। তাদের সামনে খাদেমদের কথা বলা পাপ ছিল। মনিবদের কোনো কাজের সামান্যতম বিরুদ্ধাচারণ হত্যাযোগ্য অপরাধ ছিল। ইসলাম এ ধরণের রসম-রেওয়াজের অবসান ঘটিয়েছে এবং জাহে] অহঙ্কারকে ধূলিসাৎ করে দিয়েছে। হে মানুষ! আমি তোমাদেরকে অবহিত কোরছি যে, তোমাদের রবের ফরমান হচ্ছেঃ

'হে মানুষ! আমি তোমাদেরকে সৃষ্টি করেছি এক পুরুষ ও এক নারী হতে। পরে তোমাদেরকে বিভক্ত করেছি বিভিন্ন জাতি ও গোত্রে, যাতে তোমরা একে

অপরের সাথে পরিচিত হতে পার। তোমাদের মধ্যে আল্লাহর নিকট সে ব্যক্তি অধিক মর্যাদাসম্পন্ন যে তোমাদের মধ্যে অধিক মুত্তাকি। নিশ্চয়ই আল্লাহ সব কিছু জানেন, সমস্ খবর রাখেন।' (সুরা হুজরাত ১৩)

তোমরা জানো যে, সকল মানুষই আদমের সন্তান এবং আদম মাটির তৈরি। তাহলে অহঙ্কারের হেতু কি? মনে রাখবে, ইসলামের দৃষ্টিতে মানবতার ঊর্ধ্বে কোনো মর্যাদা নেই এবং মনিব-কাজের লোক, উচ্চ-bxP, abx-Mixe mevB সমান। ইসলামের দৃষ্টিতে যে জিনিস বৈশিষ্ট্যের দাবি করতে পারে তা হচ্ছে তাকওয়া (আল্লাহর আদেশ-নিষেধ সম্পর্কে সতর্কতা) ও আমলে সালেহ (দীন cwZôvi KvR)| GUvB hLb ev¯—v তখন কেন তোমরা তোমাদের কাজের লোকদেরকে নীচ মনে করো? আমি লক্ষ্য করেছি যে, মনিবের সাথে কোনো গোলাম কথা বলতে চাইলে রাগে মনিবের চেহারা হিংস্র প্রাণীর মতো রক্তলোলুপ হয়ে যায় এবং সে কোনোভাবেই তার ক্রোধ দমন করতে পারে না। এটা জাহেলিয়াত ছাড়া আর কি হতে পারে? এমন হতে পারে, কাজের লোক তার মনিবের চেয়ে উত্তম এবং তার আমলও আল্লাহর নিকট গ্রহণযোগ্য।

হে মানুষ! যখন হুকুমত ছিল জাহেলিয়াতের এবং নফসের পূজা তার চূড়ান্ত cfve we¯—vi করেছিল মানুষের উপর, তখন যে কী মর্মান্তিক দৃশ্যের সৃষ্টি হয়েছিল তা মানবতার দৃষ্টি কখনও ভুলতে পারে না। আমি সে যুগও দেখেছি, যখন দাসদের সাথে বর্বর আচরণ ও জুলুম করা হতো। মহাপবিত্র আল্লাহ তাদের উপর রহম করেছেন, তাদের অধিকার প্রকাশ করে দিয়েছেন এবং তাদের সাথে উত্তম ব্যবহার করার হেদায়াত করেছেন। আমি আমার রবের ফরমান মোতাবেক বলছি যে, তোমরা তাদেরকে নিজেদের ভাই মনে করো। তাদের কাছ থেকে এতটুকু কাজ আদায় করো যতটুকু তারা সহজে করতে পারে। তোমরা যা খাও তাদেরকে তা খেতে দাও। তোমরা যা পরো তাই তাদেরকে পোরতে দাও। তাদের সাথে এরূপ ব্যবহার করো যেরূপ তোমরা আপনজনের সাথে করে থাকো, তাদের জন্য তা পছন্দ করো যা তোমরা

নিজেদের জন্য করো। তাদেরকে নীচ ও তুচ্ছ মনে করো না। তোমরা যখন সফরে যাও আর তারাও তোমাদের সঙ্গে থাকে, তখন তাদের আরামের প্রতিও খেয়াল রেখো। তোমাদের সাথে সওয়ারি থাকলে কিছুক্ষণ তোমরা আরোহণ করো এবং কিছুক্ষণ তাদেরকেও আরোহণের অনুমতি দিও। মানুষ হিসেবে তারা কোনো অংশেই তোমাদের চেয়ে ছোট নয়। যেরূপ হৃদয় তোমাদের রয়েছে; সেরূপ তাদেরও রয়েছে। তোমরা কি লক্ষ্য করো নি যে, Aমি যায়েদকে আযাদ করে আমার ফুফাতো বোনের সাথে তার বিয়ে দিয়েছি এবং বেলালকে মোয়াজ্জেন নিযুক্ত করেছি এজন্য যে তারা আমার ভাই। তোমরা দেখেছ যে আনাস আমার কাছে থাকে, তাকে আমি ছোট মনে করি না। কোনো কাজ না করলেও আমি তাকে বলি না যে কেন তুমি তা করো নি। ঘটনাক্রমে তার দ্বারা কোনো ক্ষতি হয়ে গেলেও আমি তাকে কোনো ভর্ৎসনা করি না। আমি তোমাদেরকে নসিহত করছি যে, তোমাদের কোনো খাদেম যখন খাবার নিয়ে আসে তখন তাকেও তোমাদের সাথে বসানো উচিত। তারা যদি একসঙ্গে বসতে পছন্দ না করে, তাহলে তাদেরকে কিছু খাবার দিয়ে দেয়া উচিত। তোমাদের কোনো সেবক অপরাধ করে থাকলে সত্তরবার তাকে মাফ করবে–এ জন্য যে, তুমি যাঁর গোলাম, তিনি তোমার অপরাধ হাজার বার মাফ করে দেন। মনে রেখো, কোনো লোক তার গোলামের প্রতি অন্যায় অপবাদ আরোপ করলে কেয়ামতের দিন আল্লাহ তাকে কঠিন শাস্তি দিবেন। আমি পুনরায় তোমাদেরকে বলছি, তোমাদের সেবক তোমাদের ভাই। তারা বাধ্য হয়ে তোমাদের অধীন হয়েছে। তাই যার ভাই তার নিজের অধীন তার উচিত, সে নিজে যা খায় তা-ই তাকে খেতে দেয়, নিজে যা পরে তা-ই তাকে পোরতে দেয় এবং সাধ্যের বাইরে তার কাছ থেকে কোনো কাজ আদায় না করে। সালামু আলাইকুম ওয়া রহমাতাল্লাহ।

আধুনিক দাসপ্রথার ভয়ঙ্কর রূপ

সম্প্রতি অস্ট্রেলিয়াভিত্তিক মানবাধিকার সংগঠন 'ওয়ার্ক ফ্রী ফাউন্ডেশন' এর পক্ষ থেকে 'দ্যা গ্লোবাল স্লেভারি ইনডেক্স ২০১৩' নামে একটি সূচক প্রকাশিত হয়েছে যেখানে দেখা যাচ্ছে এই সভ্যযুগেও তিন কোটি মানুষ শ্রম দাসত্বের শিকার। অন্যদিকে উইকিপিডিয়ার তথ্যমতে 'এন্টি-স্লেভারি ইন্টারন্যাশনাল' নামে একটি শ্রমদাস বিরোধী সংগঠন দাবী করেছে বর্তমানের এই শ্রম দাস সংখ্যা প্রায় ৪০০ বছরের ইতিহাসে আফ্রিকা থেকে আমেরিকায় আনা আফ্রিকান দাসের মোট সংখ্যাও এর প্রায় অর্ধেক। জরিপে দেখা যায়, দাসত্ব অবস্থায় সবচেয়ে বেশি সংখ্যক অর্থাৎ পৃথিবীর প্রায় অর্ধেক (১ কোটি ৪০ লাখ) লোক বাস করে ভারতে। কিন্তু দেশের জনসংখ্যা অনুপাতে সবচেয়ে বেশি সংখ্যক (প্রায় ৪ ভাগ) মানুষ দাসত্ব পরিবেশে বাস করে পশ্চিম আফ্রিকার দেশ মৌরিতানিয়ায়। দ্বিতীয় অবস্থানে আছে চীন (২৯ লাখ ৪৯ হাজার ২৪৩), তৃতীয় অবস্থানে পাকিস্wb (21 jvL 27 nvRvi 132), মৌরিতানিয়ায় এ সংখ্যা মোট জনসংখ্যার শতকরা প্রায় ৪ ভাগ। আর বাংলাদেশের অবস্থান দশম। দাসত্বের শিকার হওয়া এসব মানুষকে জোর করে শ্রমদানে বাধ্য করা হয়, ঠিক যেমনটি করা হত প্রাচীন দাসযুগে। নতুন এই দাসদের দিয়ে বলপ্রয়োগ করে বিনা পারিশ্রমিকে খাটানো হয়। এটা হচ্ছে AvaywbK `vmc_vi GKwU খণ্ডচিত্র। পুরো চিত্র আরও ভয়ঙ্কর। পুরো পৃথিবীকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বিশ্ব নামে তিনটি ভাগে ভাগ করেছে দাজ্জাল অর্থাৎ ইহুদি খ্রিষ্টান 'সভ্যতা'। তারা ঔপনিবেশিক যুগে বিশ্বের সমৃদ্ধ ও খনিজসম্পদে পূর্ণ দেশগুলিকে সামরিক শক্তিবলে, ছলে-বলে-কৌশলে পদানত করে ভ্যাম্পায়ারের মত শোষণ করে বর্তমানে সম্পদের পাহাড়ের উপরে বসে আছে। তারা যে পুঁজিবাদী অর্থনীতি দুনিয়াময় চালু করেছে সেই সিস্টেমে আজও সারা দুনিয়ার সম্পদ হাতড়ে নিজেদের কোষাগারে জড়ো করছে। তৃতীয় বিশ্বের দেশগুলির উপরে বাধ্যতামূলক দারিদ্র্য চাপিয়ে

দিয়েছে, ফলে সে দেশগুলোর অধিকাংশ মানুষকে দারিদ্র্যসীমার নিচে বাস করতে হচ্ছে। তারা বেঁচে থাকার ন্যূনতম শর্ত পূরণের জন্য বাধ্য হচ্ছে নিজেদের ইচ্ছার বিরুদ্ধে শ্রম দিতে। আমাদের দেশের প্রেক্ষাপটে চিন্ব করলে উদাহরণ হিসাবে আমরা পোশাকশিল্প খাতকে নিতে পারি। অতি অল্প বেতনে এখানে শ্রমিক নিয়োগ দেওয়া হয়। কাগজে কলমে ৮ ঘণ্টা সর্বোচ্চ কর্মঘণ্টা হলেও কেউ যদি ওভারটাইম না করে, চাকরি থাকে না। নামমাত্র বেতনে মানবেতর পরিবেশে বাস করতে তারা বাধ্য হয়। তার উপর কয়েকমাসের বেতন বকেয়া রাখা হয় যেন কেউ চাকরি ছাড়তে না পারে। এভাবে সিস্টেমের অদৃশ্য দড়ি দিয়ে ক্রীতদাস বানিয়ে রাখা হয়েছে বস্ত্রশিল্প খাতের লাখ লাখ মানুষকে। এ করুণ অবস্থাi KviY wbqg, bxwZ, c×wZi ভারসাম্যহীনতা। আজ আবার দাজ্জালের আত্মাহীন জীবনব্যবস্থায় সকল সেবাই টাকা দিয়ে কিনতে হয়। পারিবারিক পরিবেশে স্বজনদের আন্বiK সেবা একজন অসুস্থ মানুষকে অধিকাংশ ক্ষেত্রেই সুস্থতায় ফিরিয়ে নিতে সক্ষম। সেখানে টাকার বিনিময়ে হাসপাতালে গিয়ে চড়ামূল্যে যে সেবা কিনতে হচ্ছে তার মধ্যে আর যাই থাক আন্তরিকতা থাকতে পারে না। ফলে হাসপাতালে সুস্থ মানুষও অসুস্থ হয়ে যায়। এমনই অবস্থা সকল সেবাদানকারী প্রতিষ্ঠানের। এছাড়াও আধুনিক শ্রমদাসদের ব্যাপারে শিল্প প্রতিষ্ঠানগুলোর মালিকগণ ক্ষেত্র বিশেষে নামমাত্র কিংবা বিনা পারিশ্রমিক দিয়ে যেভাবে শ্রম Av`vq করছে তাতে অধিকাংশ আধুনিক শ্রমজীবীরাই কার্যত দাস পদবাচ্য হয়ে পড়েছে। ক্রীতদাস প্রথার আধুনিক নাম দাঁড়িয়েছে আদম ব্যবসা বা ম্যানপাওয়ার বিজনেস। প্রাক-ইসলামী যুগের আরবরা আফ্রিকানদেরকে দাস হিসাবে কিনে আনত, এখন কিনে নেয় আমাদের মত স্বল্পমূল্যে আত্মবিক্রয়ে অভিলাসী তৃতীয় বিশের মানুষকে। ইসলামে একজন মালিককে তার অধীনস্থ সেবককে ঠিক সেই পরিমাণে খাবার দিতে হয় যা সে নিজে ভোগ করে, সেই মানের পোশাক দিতে হয় যা সে নিজে পরিধান করে, অসুস্থ হলে সেই গুরুত্বসহকারে চিকিৎসা দিতে হয় যা সে নিজে গ্রহণ করে|

ক্রীতদাস প্রথার আধুনিক নাম দাঁড়িয়েছে আদম ব্যবসা বা ম্যানপাওয়ার বিজনেস। cwK-ইসলামী যুগের আরবরা আফ্রিকানদেরকে দাস হিসাবে কিনে আনতো, এখন কিনে নেয় আমাদের মত স্বল্পমূল্যে আত্মবিক্রয়ে সন্তুষ্ট তৃতীয় বিশ্বের মানুষকে। সেখানে তারা উদয়াস্ত কঠিন পরিশ্রম করে। সামান্য অর্থের বিনিময়ে মান-m¤§vb I অধিকার সবকিছু বিকিয়ে দিয়েও মানবেতর পরিবেশে বসবাস করতে হয়। আর তাদের প্রভু আরবরা প্রতিদিন কোটি কোটি টাকা ফুর্তি করে ওড়ায়।

কিন্তু আধুনিক দাসদের ক্ষেত্রে আমরা দেখতে পাই সামান্য বেতন দিয়েই gwjK Zvi `vq-দায়িত্ব শেষ করে। সুতরাং ইসলামের সম্মতিপূর্বক সেবা-বিনিময় ভিত্তিক সমাজ ব্যবস্থার সঙ্গে আর কোনো ব্যবস্থার তুলনাই চলে না। আর বর্তমানে পুঁজিবাদী সমাজব্যবস্থা টিকিয়ে রাখতে দাজ্জাল যে আধুনিক দাসত্ব চালু করেছে তা ক্রীতদাস প্রথার চাইতেও করুণ এবং জঘন্য।

gw³ i c_

অতীতে যখনই এই ভারসাম্য বিনষ্ট হয়েছে, তখনই সেবক দাসে পরিণত হয়েছে, মালিকও হয়ে গেছে চরম অহঙ্কারী। অপরদিকে বছরের পর বছর, এমন কি প্রজন্মের পর প্রজন্ম দাসত্বের কারণে দাসদের মন মানসিকতায় জন্ম নিয়েছে নিদারুণ হীনম্মন্যতা ও দাস মনোবৃত্তি। কঠোর শাসন, অশিক্ষা, কুশিক্ষার মধ্যে সুবিধাবঞ্চিত জীবনযাপনের ফলে তারা জাতিগতভাবে হয়ে গেছে শিষ্টাচারবর্জিত, সৃষ্টিশীল চিন্তায় অক্ষম, সর্বোপরি অভাবের তাড়নায় নৈতিক চরিত্রহীন। মানবজাতি দু'টি ভাগে বিভক্ত- প্রভু ও গোলাম। প্রভুর সাধ্য নেই দাসের কষ্ট বোঝার, দাসের প্রতি তার অবজ্ঞামিশ্রিত ঘৃণা। দাসের সাধ্য নেই প্রভুর মন বোঝার, প্রভুর প্রতি তার ভয়মিশ্রিত ঘৃণা। ইবলিসের প্ররোচনায় তারা উভয়েই মনুষ্যত্বের সঠিক অবস্থান থেকে সরে গেছে। এখন যদি কেউ চিন্তা করে মালিক আর শ্রমিককে এক পংক্তিতে বসাবে সেটা হবে অপ্রাকৃতিক, সেটা স্বতঃস্ফূর্ত হবে না। সমাজতন্ত্র চেয়েছিল শ্রেণি বৈষম্য মিটিয়ে মালিক আর শ্রমিককে এক কাতারে আনবে যা সফল হয় নি। অতীতে দাসেরা যেভাবে প্রাণের ঝুঁকি নিয়ে পালিয়েছে, সমাজতান্ত্রিক রাশিয়া, চীন, ভিয়েতনাম, কিউবা, পশ্চিম জার্মানি থেকেও মানুষ নৌকাভর্তি করে, দেশের প্রাচীর ডিঙ্গিয়ে, বেলুনে চড়ে এমন বহুভাবে পালিয়েছে। হাজারে হাজারে প্রাণ হারিয়েছে সাগরে ডুবে, মেশিনগানের গুলি খেয়ে। সুতরাং সমাজতন্ত্র পারে নি শ্রেণিহীন সমাজ গড়তে করতে এবং পারবেও না। কেন পারে নি তার চুলচেরা ব্যাখ্যায় না গিয়ে এটুকু বললেই যথেষ্ট যে, মানুষের জীবনে অর্থনীতিই সবটুকু নয়। সমাজতন্ত্র সমাজের সকল মানুষকে জোর করে

অর্থনৈতিকভাবে সমান করতে চায়, একই খাদ্যতালিকা ও একই র‍্যাশনের Lvei‌র সবাইকে খাওয়াতে চায়, সে এটা বুঝতে অক্ষম যে আল্লাহ সকল মানুষকে এক যোগ্যতা, এক মানসিকতা, একই রুচি দিয়ে সৃষ্টি করেন নি, তাদের রেজেকের মধ্যে তারতম্য আল্লাহই দিয়েছেন এবং এই তারতম্য অত্যন্ত যুক্তিসঙ্গত ও প্রাকৃতিক (সুরা আন'আম ১৬৫)। এই আয়াতে আল্লাহ শব্দ ব্যবহার করেছেন 'ফদল' A_r DËg, hvi Abevv` mvaviYZ Kiv nq 'শ্রেষ্ঠ', যদিও এ শব্দটি আরবী 'ফদল' শব্দের পূর্ণ অর্থ প্রকাশ করে না। এই অনুবাদ থেকে মনে হতে পারে যে ইসলামে কিছু মানুষকে অন্যের উপরে শ্রেষ্ঠত্ব (Supremacy) দেওয়া হয়েছে এবং স্বভাবতই কিছু মানুষকে নিকৃষ্ট পদবাচ্য করা হয়েছে, যা একপ্রকার শ্রেণিবৈষম্যেরই প্রকাশ। গুণে, সামর্থ্যে ও দক্ষতায় প্রতিটি মানুষ এক নয়। এক লোক তার যোগ্যতাবলে মাসে দশ লক্ষ টাকা উপার্জন করতে সক্ষম, আরেকজনের যোগ্যতা হলো পাঁচ হাজার টাকা রোজগারের। এদের দু'জনকে একই মানের জীবনযাপনে বাধ্য করা সম্পূর্ণ অযৌক্তিক। প্রতিটি মানুষের মধ্যে একটি স্বাধীনচেতা মন আছে সমাজতন্ত্র তা স্বীকার করে না, তাই সে প্রত্যেকের উপার্জনকে জোর করে সরকারিকরণ করে। কিন্তু ইসলাম মানুষের ব্যক্তি মালিকানাকে সম্পূর্ণ স্বীকার করে।

বর্তমানে মালিক ও শ্রমিক উভয় শ্রেণির মধ্যে সংস্কৃতিগত ও চরিত্রগত যে we¯‌র ফারাক, সেই ফারাক বজায় রেখে মালিক শ্রমিককে এক কাতারে emlানো সম্ভব নয়। আগে এই ফারাক দূর করতে হবে। একটি উদাহরণ দিই। ধরুন, আপনি একইসঙ্গে একজন শিল্পপতি ও একজন শ্রমিককে নিমন্ত্রণ করেছেন। মালিক এসেছেন যথারীতি স্যুটপ্যান্ট পরে, সুগন্ধী মেখে আর শ্রমিক এসেছেন তার সাধারণ বেশে, ঘর্মাক্ত কলেবরে। আপনি তাদেরকে খেতে দিলেন মেঝেতে পাটি বিছিয়ে। শ্রমিক বসে পড়লেন। মালিক ইতস্Z করছেন তারই চাকরশ্রেণির একজন লোকের সঙ্গে বসে খেতে। তদুপরি তিনি মাটিতে বসে খেতেও অভ্যস্ত নন। শ্রমিকের সেদিকে দৃষ্টি নেই। প্লেটে ভাত বাড়াই ছিল। শ্রমিক নিজের জামায় এবং পাটিতে হাত ভালেভাবে মুছে খেতে

লেগে গেলেন। এ দৃশ্য দেখে মালিকের আর রুচি হলো না খেতে বসার। আপনি মনে মনে ভাবলেন, শ্রমিক লোকটি হাত না ধুয়েই খানা শুরু করল? সে একা খেতে শুরু না করে অন্যদের জন্য একটু অপেক্ষা করতে পারত না? বা অন্যদেরকে ডাকতে পারত না? এই সাধারণ ভদ্রতা, সৌজন্যবোধগুলি কেন শ্রমিকদের নেই?

এই দৃশ্যটি যদিও গল্প আকারে বললাম, কিন্তু ভেবে দেখুন এটাই বাস্e wK bv| kvmK-শোষিত, মালিক-শ্রমিক, বুর্জোয়া-প্রলেটারিয়েটের ব্যবধান ঘোঁচাতে প্রয়োজন এমন একটি ভারসাম্যপূর্ণ শ্রমব্যবস্থা যাতে উভয়পক্ষেরই মানসিকতা ও চরিত্রের পরিবর্তন ঘটবে। সেই জীবনব্যবস্থাই হচ্ছে আল্লাহর সত্যদীন। এই সিস্টেম প্রাকৃতিকভাবেই মালিকের মন থেকে AvZ¥¤wiZv `i করে দেবে। মানবসমাজে অর্থ, শিক্ষা, বংশ কোনো কিছুই সম্মানের মানদণ্ড হিসাবে বিবেচিত হবে না, মর্যাদার একটাই মানদণ্ড হবে যে, কে আল্লাহর wewa-নিষেধ পালনের ব্যাপারে অধিক সতর্কতা অবলম্বনকারী অর্থাৎ তাকওয়া কার বেশি। মালিক শ্রমিকের মধ্যে শ্রমিক যদি অধিক মুত্তাকী হয়, gwjK তাকে অবহেলা তো করবেই না, বরং তার প্রতি শ্রদ্ধাশীল থাকবে, আচরণেও সেটা প্রকাশিত হবে। সমাজের বঞ্চিত, নিগৃহীত মানুষেরাই শ্রমজীবী হয়। hM-যুগান্তরের দাসত্ব, পরাঙ্মুখতা তাদের মানবিক গুণাবলীকে বিকশিত হতে দেয় না, ফলে তারা আচার-ব্যবহার, রুচিবোধ, সংস্কৃতিবোধ, সৌন্দর্যবোধের বিচারেও অপরিশীলিত ও দরিদ্র থাকেন। অভিজাত শ্রেণির সামনে তাদের হৃদয় থাকে হীনম্মন্যতায় আচ্ছন্ন। ইসলাম এই শ্রমজীবীদেরকেও এমন একটি ব্যবস্থার মধ্যে প্রতিপালিত করবে যে, তারাও সকল বিচারে সভ্য হয়ে উঠবেন। সুতরাং প্রকৃত ইসলামের বাস্তবায়নে একদিকে শ্রমিক এমন সুশিক্ষায় শিক্ষিত হবেন যে তার মধ্যে সৌন্দর্যবোধ, রুচিশীলতা, পরিচ্ছন্নতা, শিষ্টাচার, ভদ্রতাজ্ঞান, অন্যের জন্য ত্যাগের মানসিকতা, পরোপকারিতা ইত্যাদি গুণাবলী সৃষ্টি হবে। অন্যদিকে ইসলাম মালিককে করবে নিরহঙ্কার,

শ্রমজীবী মানুষের দুঃখকষ্টের অংশীদার, তাদেরকে দাসের পরিবর্তে ভাই মনে করার উদারতা সৃষ্টি করবে।

cwðমা বস্তুবাদী 'সভ্যতা' দাজ্জালের অনুসারীদের প্রতি আমাদের কথা হলো, সাধ্য থাকলে এই ঘোষণা দিন:

(১) কেউ কাউকে সিস্টেমের ফাঁদে ফেলে যেমন: বেতন বকেয়া রেখে, বরখাস্তের ভয় দেখিয়ে জোরপূর্বক শ্রমদানে বাধ্য করবে না।

(২) ঘাম শুকানোর আগে শ্রমের ন্যায্য মূল্য পরিশোধ করতে হবে।

(3) mাধ্যের অতিরিক্ত কাজ কারও উপর চাপানো হবে না।

(৪) শ্রমিক প্রয়োজনে যেখানে খুশি, যার কাছে খুশি শ্রম ও সেবার বিনিময়ে উপার্জন করবে। এ ব্যাপারে তার উপর কোনো রকম বিধি নিষেধ আরোপ করা হবে না।

উপরোক্ত নীতিগুলি ইসলামের যা আল্লাহর রসুল বাস্বায়ন করে গেছেন। আবার প্রকৃত ইসলাম প্রতিষ্ঠা হলে উপরোক্ত নীতিমালা অক্ষরে অক্ষরে পালন করা হবে ইনশা'আল্লাহ।

সাম্যের অনন্য উদাহরণঃ

মো'মেনের সম্মান কাবার ঊর্ধ্বে

ইতঃপূর্বে দেখানো হয়েছে আল্লাহর রসুল আইয়্যামে জাহেলিয়াতের জোরপূর্বক শ্রমব্যবস্থাকে অর্থাৎ দাসত্ব ব্যবস্থাকে বিলুপ্ত করে দিয়ে কীভাবে একটা সেবাভিত্তিক সমাজব্যবস্থা প্রতিষ্ঠা করেছিলেন। তিনি কেবল মুখেই মানবতা ও সাম্যের বাণী প্রচার করেন নি, সেটাকে বাস্বায়িত করে দেখিয়েছেন। তাঁর কথv Avi KvR GK wQj | KLbI Ggb nq wb hv wZwb মুখে বলেছেন কিন্তু কাজে তা করেন নি বা অন্যটা করেছেন। তাঁর কথা আর কাজ ছিল সমান্তরাল। আমরা পূর্ববর্তী অধ্যায়ে দেখিয়েছি একদা-μxZ`vm যায়েদ বিন হারিসাকে (রা.) কীভাবে তিনি সম্মানের উচ্চাসনে অধিষ্ঠিত করেছিলেন। এখন আমরা আলোচনা করব বেলাল (রা.) সম্পর্কে।

আল্লাহর দৃষ্টিতে মো'মেনদের সম্মান কত ঊর্ধ্বে হলে তিনি স্বয়ং তাঁর মালায়েকদেরকে নিয়ে মো'মেনদের উদ্দেশে সালাহ পেশ করেন বলে ঘোষণা করেন (সুরা আহযাব ৪৩)। তিনি এও বলেছেন, 'সকল সম্মান, ক্ষমতা ও গৌরবের অধিকারী তো কেবল আল্লাহ, তাঁর রসুল ও মো'মেনগণ, কিন্তু মোনাফেকরা তা জানে না' (সুরা মুনাফিকুন ৮)। আর মো'মেনদের সম্মান সম্পর্কে আল্লাহর রসুলের মূল্যায়ন আমরা বহু হাদিস ও ইতিহাস থেকে জানতে পারি। আব্দাল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেছেন, "একদিন আল্লাহর রসুল কাবার দিকে দৃষ্টিপাত করে বললেন, লা এলাহা এল্লাল্লাহ। তুমি অত্যন্ত পবিত্র এবং তোমার ঘ্রাণ অতি মিষ্ট। তুমি অতি সম্মানিত। তবে একজন মো'মেনের পদমর্যাদা ও সম্মান তোমার চেয়েও অধিক। আল্লাহ একজন মো'মেন সম্পর্কে এমনকি মন্দ-ধারণা পোষণ করাকেও হারাম করেছেন। (Zvevi wb)

অপর বর্ণনায় আবদাল্লাহ ইবনে ওমর (রা.) বলেন, "আমি রসুলাল্লাহকে GKw`b Kvev তাওয়াফ করার সময় বলতে শুনেছি, 'হে কাবা! কী বিরাট

তোমার মহিমা আর কী মিষ্টি তোমার সুবাস। তুমি কত মহান আর তোমার পবিত্রতাও কত মহান! কিন্তু তাঁর শপথ যাঁর হাতে মোহাম্মদের প্রাণ, আল্লাহর দৃষ্টিতে একজন মো'মেনের পবিত্রতা তোমার পবিত্রতার চাইতেও অধিক (ইবনে মাজাহ)। আল্লাহর রসj GKw`b eû bex-রসুলের স্পর্শধন্য পবিত্র c¯র হাজরে আসওয়াদের দিকে দৃষ্টিপাত করে বলেছিলেন, "হে কালো পাথর। কসম সেই আল্লাহর যাঁর নিয়ন্ত্রণের অধীন আমার সকল অনুভূতি! একজন মো'মেনের সম্মান ও পদমর্যাদা (Rank) আল্লাহর কাছে তোমার সম্মান ও মর্যাদার চাইতেও অধিক মহিমান্বিত।" (ইবনে মাজাহ, আস-mqwZ, Av`-`vi Avj gvbmi)|

সুতরাং যে মো'মেনদের প্রতি আল্লাহ ও মালায়েকগণ সম্মিলিতভাবে সালাহ পেশ করেন, যাঁদের সম্মান কাবারও ঊর্ধ্বে তাঁদেরকে আল্লাহর রসুল বাস্বে কীভাবে সম্মানিত করেছেন সেটাই এখন দেখা যাক। যায়েদ (রা.) আর বেলাল (রা.) উভয়েই জাহেলি যুগে ক্রীতদাস ছিলেন তবে তাঁদের মধ্যে একটি বড় পার্থক্য ছিল। তা হলো, যায়েদ (রা.) কৃষ্ণাঙ্গ ছিলেন না, তিনি ছিলেন একটি সম্ভ্রান্ পরিবারের হারিয়ে যাওয়া ছেলে। আর আবিসিনয়ার কৃষ্ণাঙ্গ বেলালের (রা.) উপর মাত্রাতিরিক্ত নির্যাতনের প্রধান কারণ তাঁর হীন সামাজিক অবস্থান। অভিজাত কোরায়েশ সমাজের কাম্য ছিল যে ক্রীতদাসরা সর্বদা বোবা পশুর মতো বিনা বাক্যে কেবল হুকুম তামিল করবে আর জুলুম সহ্য করবে। তাদেরও যে হৃদয় আছে এটা তারা মনেই করত না। বেলাল (রা.) যেমন ইসলাম গ্রহণ করেছিলেন তেমনি আরো অনেকেই করেছিলেন কিন্তু তাঁর মতো ক্রীতদাসদের বেলায় কোরায়েশদের দৃষ্টিভঙ্গি ছিল অনেকটা এমন যে, একজন ক্রীতদাস যে কিনা নরাধম জীব, সে কেন ধর্ম নিয়ে চিন্ করবে, সে কেন নিজের ধর্মীয় পরিচয়ের ব্যাপারে সিদ্ধান্ নেবে, তার তো এসব চিন্া করারই অধিকার নেই। একজন দাস হয়ে মক্কায় বাস করে কোরায়েশদের ধর্মকে অস্বীকার করবে এবং সামাজিক-রাজনীতিক ক্ষেত্রে তাদের বিপক্ষে অবস্থান নেবে এই ইচ্ছা পোষণই ছিল তাঁর সবচেয়ে বড়

ধৃষ্টতা, তাঁর এহেন আচরণ প্রতাপশালী মালিক উমাইয়ার জন্য ছিল ভীষণ অবমাননাকর। এমন একটি সমাজে থেকেও বেলাল (রা.) নিজের পরিণতি জেনেও সত্যের জন্য জীবন কোরবান করে দিয়েছিলেন। মরুভূমির আগুনঝরা রোদে উত্তপ্ত বালু, কাঁটাগাছ ও জ্বলন্ত অঙ্গারের উপর তাঁকে শুইয়ে রাখা হয়েছে। গলায় রশি বেঁধে ছাগলের মতো দুষ্ট ছেলেপেলেরা তাকে মক্কার অলিতে গলিতে টেনে নিয়ে বেড়িয়েছে। তার সারা দেহ ক্ষতবিক্ষত রক্তাক্ত হয়ে গেছে। আবু জাহেল তাঁকে কখনো উপুড় করে, কখনো চিৎ করে শুইয়ে দিয়ে পিঠের উপর বড় বড় পাথর রেখে দিত। মধ্যাহ্ন সূর্যের পচণ্ড খরতাপে তিনি যখন অস্থির হয়ে পড়তেন, আবু জাহেল বলত, "বেলাল, এখনো মোহাম্মদের ধর্ম ত্যাগ কর্।" কিন্তু তখনো তাঁর পবিত্র মুখ থেকে 'আহাদ', 'আহাদ' অর্থাৎ তওহীদের ঘোষণা ধ্বনিত হতো।

তাঁকে শাস্দিানের ব্যাপারে উমাইয়া ইবনে খালফ ছিল সর্বাধিক উৎসাহী। সে kw¯ ও যন্ত্রণার নিZ¨-bZb Kjv-কৌশল প্রয়োগ করত। নানা রকম পদ্ধতিতে সে তাঁকে কষ্ট দিত। কখনো উটের কাঁচা চামড়ায় তাঁকে ভরে, কখনো লোহার বর্ম পরিয়ে উত্তপ্ত রোদে অভুক্ত অবস্থায় ফেলে রাখতো। একদিন 'বাতহা' উপত্যকায় তাঁর বুকের উপর পাথর চাপিয়ে রাখা হয়েছিল, এমন সময় আবু বকর (রা.) তাঁকে পাঁচ উকিয়া রৌপ্যের বিনিময়ে ক্রয় করে মুক্ত করে দিয়েছিলেন। এরপর তিনি মুসলিম উম্মাহর কর্মপ্রবাহে যোগ দিলেন। তিনি তাঁর ত্যাগ, নিষ্ঠা, আনুগত্য দ্বারা মুসলিম সমাজে একজন সম্মানিত ব্যক্তিতে পরিণত হলেন। তিনি যেমন রসুলাল্লাহর সার্বক্ষণিক সঙ্গী ছিলেন তেমনি আবু বকর (রা.) ও ওমর (রা.) এর যুগেও তিনি খলিফাদ্বয়ের অনুরোধে তাঁদের সঙ্গী হিসাবে ছিলেন। সম্ভ্রান্ত আরব পরিবারে তিনি একাধিক বিয়ে করেছিলেন। আবু বকরের (রা.) কন্যার সঙ্গে রসুলাল্লাহ নিজে তাঁর বিয়ে দিয়েছিলেন। রসুলাল্লাহ যদি বেলালকে (রা.) ভালো না বাসতেন তাহলে পৃথিবীর কোনো মানুষই বেলালকে (রা.) ভালো বাসত কিনা সন্দেহ। হেজরতের পর আব্দাল্লাহ ইবনে আব্দুর রহমান খাসয়ামীর (রা.) সঙ্গে ভ্রাতৃত্ব-

সম্পর্ক স্থাপিত হয়। তিনি ছিলেন আল্লাহর রাস্তায় সদাপ্রস্তুত আসহাবে সুফফার অন্তর্ভুক্ত। এই সাহাবিরা ছিলেন এতই দরিদ্র যা তাদের পোশাক ব্যবহারের বর্ণনা থেকে অনুমান করা যায়। আবু হুরাইরা (রা.) বলেন, আমি সত্তরজন আসহাবে সুফফাকে দেখেছি, যাদের কারো কোনো চাদর ছিল না। কারো হয়তো একটি লুঙ্গি এবং কারো একটি কম্বল ছিল। তাঁরা এটাকে নিজেদের গলায় বেঁধে রাখতেন। কারোরটা হয়তো তার পায়ের গোছার অর্ধাংশ পর্যন্ত পৌঁছতো; কারোরটা হাঁটু পর্যন্ত। লজ্জাস্থান উন্মুক্ত হওয়ার ভয়ে Zviv nvত দিয়ে তা ধরে রাখতেন (বোখারি)।

বেলাল (রা.) প্রধান প্রধান সকল যুদ্ধেই অংশ নেন। বদর যুদ্ধে তিনি উমাইয়া ইবনে খালফকে হত্যা করেন। মক্কা বিজয়ের দিন তিনি রসুলাল্লাহর সঙ্গে কাবার অভ্যন্তরে প্রবেশের সৌভাগ্য লাভ করেন। বেশ কয়েকটি কারণে মানবজাতির ইতিহাসে এ দিনটির বিশেষ মাহাত্ম্য রয়েছে। মক্কা যে রসুলকে একদিন বের করে দিয়েছিল সে মক্কা এই ক্ষণে তাঁর পায়ের তলে। চতুর্দিকে মুসলিম সেনা কাফেরদের ঘেরাও করে আছে। আল্লাহর রসুলের কৃপার উপরে আজ মক্কাবাসীর জীবন। তিনি আজ যাদেরকে জীবন ভিক্ষা দেবেন তারা বাঁচবে, যাদেরকে ঘরে থাকতে দেবেন তারা ঘরে থাকবে, যাদেরকে বাহিরে থাকতে দেবেন তারা বাহিরে থাকবে, রসুলাল্লাহ যাদেরকে আজ লোহিত সাগরে নিক্ষেপ করবেন তারা লোহিত সাগরে নিক্ষিপ্ত হবে। আজকের দিনে মক্কা নগরীতে কারো সাধ্য নেই রসুলাল্লাহর কথাকে অমান্য করে। মক্কায় আজ আল্লাহর সার্বভৌমত্বের নিরংকুশ বিজয়। আজকের এই দিন অত্যাচারীদের বিরুদ্ধে নির্যাতিত, নিপীড়িত, নিগৃহীত জনতার বিজয়ের দিন, অধর্মের বিরুদ্ধে ধর্মের, অসত্যের বিরুদ্ধে সত্যের, জাহেলিয়াতের বিরুদ্ধে আলোর বিজয়ের দিন। এ দিনেই রসুলাল্লাহ কোরায়েশদের ঘৃণিত ক্রীতদাস বেলাল (রা.)-কে দিয়ে "কাবার উর্ধ্বে মো'মেনের স্থান" এ কথাটিকে বাস্e রূপ দান করেছিলেন। এ পর্যায়ে কাবার উচ্চ মর্যাদা সম্পর্কে কিছু প্রাসঙ্গিক তথ্য জানাতে হচ্ছে।

আল্লাহর ঘর বায়তুল্লাহ শরীফ সর্বপ্রথম আদম (আ.) নির্মাণ করেন বলে ঐতিহাসিকগণ মনে করে থাকেন। পরবর্তীতে এটি ৫ থেকে ১২বার পুনঃনির্মিত হয়। নুহ (আ.) এর প্লাবনের সময় বায়তুল্লাহর প্রাচীর বিনষ্ট হলেও ভিত্তি আগের মতোই থেকে যায়। পরবর্তীতে আল্লাহর হুকুমে একই ভিত্তিভূমিতে এবরাহীম (আ.) তাঁর পুত্র এসমাইল (আ.) সহকারে তা পুনঃনির্মাণ করেন। কাবা শরীফ নির্মাণের সময় এবরাহীম (আ.) কেনান থেকে মক্কায় এসে বসবাস করেন। এরই ফলশ্রুতিতে মক্কায় বসতি গড়ে উঠে। অনেক ঐতিহাসিক এও মনে করেন যে, পৃথিবীতে সর্বপ_g Avjvni নির্দেশে মালায়েকরা কাবাঘর নির্মাণ করেন। কাবাঘরকে লক্ষ্য করে মহান আল্লাহ বলেন, 'নিশ্চয়ই সর্বপ্রথম ঘর যা মানুষের মসজিদ হিসাবে নিরূপিত হয়েছে, তা ওই ঘর যা মক্কাতে অবস্থিত (সুরা আল-Bgivb 96)| Av`g (আ.) ও মা হাওয়ার পৃথিবীতে সাক্ষাৎ হলে তাঁরা উভয়ে আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং এবাদতের জন্য একটি মসজিদ আল্লাহর কাছে প্রার্থনা করেন। আল্লাহ সে মতে আরশে অবস্থিত বায়তুল মামুরের আকৃতিতে পবিত্র কাবাঘর স্থাপন করেন (শোয়াব-Dj-ঈমান, হাদিসগ্রন্থ)।

এই কাবার সম্মান রক্ষা করতে গিয়ে ইয়ামেনের বাদশাহ আবরাহার হস্তি বাহিনীকে আল্লাহ মাটির সাথে মিশিয়ে দিয়েছিলেন। যে কাবাকে মুসলিম উম্মাহর হৃৎপিণ্ড বলা যায়, যা সমগ্র মানবজাতির ঐক্যের প্রতিক হিসাবে আল্লাহ নির্দিষ্ট করে দিয়েছেন, যে কাবাকে সামনে রেখে কেয়ামত পর্যন্ত কোটি কোটি মো'মেন মুসলিম সাজদা করেছেন এবং করবেন সেই কাবার সম্মান কী বিরাট তা আর বলার অপেক্ষা রাখে না। A_P Avjvni imj দ্ব্যর্থহীনভাবে বললেন যে, একজন মো'মেনের সম্মান আল্লাহর কাছে কাবারও ঊর্ধ্বে। কিন্তু কেন, কেমন করে একজন মো'মেনের সম্মান কাবারও ঊর্ধ্বে? এটা এক বিরাট প্রশ্ন। এর উত্তর হচ্ছে, মো'মেনই দুনিয়া থেকে অন্যায় অশান্তি অবিচার যুদ্ধ রক্তপাত দূর করে আল্লাহর প্রদত্ত জীবনব্যবস্থা cwZôvi মাধ্যমে মানবজীবনে ন্যায় ও সুবিচার প্রতিষ্ঠা করে আল্লাহর খেলাফত প্রতিষ্ঠা

করে ইবলিসের চ্যালেঞ্জে আল্লাহকে জয়ী করে। পক্ষান্তরে কাবা একটি প্রতীকি গৃহ যা নিজের সম্মান রক্ষা করতেও সক্ষম নয়, এজন্য সে আল্লাহ এবং আল্লাহর মো'মেন বান্দাদের উপর নির্ভরশীল। এজন্যই মো'মেনের m¤§vb Kাবার উর্ধ্বে। এব্রাহীম (আ.) এর পরবর্তীতে ৩৫০০ বছরে দীনে হানিফ ব্যাপকভাবে বিকৃত হয়েছে, কাবা প্রাঙ্গণে ৩৬০টি কাঠ পাথরের দেব-দেবীর মূর্তি স্থাপিত হয়েছে, এমন কি এব্রাহীম (আ.) এর মূর্তি বানিয়ে সেটিরও পূজা করা হয়েছে, এই দীর্ঘ সময়ে পুরো আরব নোংরামি, পাপাচার, K`hZv Avi Aপবিত্রতায় লিপ্ত হয়ে গিয়েছিল। কাবা কিন্তু এ সময় আল্লাহকে জয়ী রাখতে পারে নি, এমনকি নিজের পবিত্রতাও রক্ষা করতে পারে নি। কারণ এটি সর্বোপরি জড়বস্তু, মর্যাদায় উচ্চ হলেও নিজে কিছু করতে অক্ষম। কিন্তু মহানবী ও তাঁর সঙ্গী মো'মেনরাই আল্লাহর সার্বভৌমত্ব প্রতিষ্ঠা করে সেই ৩৬০টি উপাস্যমূর্তি অপসারণ করে কাবার পবিত্রতা ফিরিয়ে দিয়েছিলেন। কাজেই যার দ্বারা আল্লাহর এ বিজয় প্রাপ্ত হচ্ছে তার সম্মানই অধিক এ কথা বোঝার জন্য সাধারণ জ্ঞানই যথেষ্ট। সুতরাং আল্লাহর কাছে তাঁর সৃষ্ট বস্তুর মধ্যে মো'মেনের সম্মান ও পবিত্রতা সকলের উর্ধ্বে।

কাবা বিজয়ের দিনে এরই স্বাক্ষর তিনি রাখলেন, মানবজাতির ইতিহাসের স্রোত উল্টো দিকে প্রবাহিত করে দিলেন। ইতিহাস বলে বেলালের (রা.) নাভির উপর থেকে কোনো কাপড় ছিল না, মাথায় পাগড়ির তো প্রশ্নই ওঠে না। শুধু লজ্জাস্থান ঢাকার মতো এক টুকরো কাপড় কোমরে প্যাঁচানো ছিলে। সেই অর্ধ উলঙ্গ বেলালকে (রা.) আল্লাহর রসুল কাবার ছাদে উঠিয়ে দিলেন (আসহাবে রসুলের জীবনকথা-১ম খণ্ড)। তারপর বেলাল (রা.) উচ্চৈঃস্বরে আল্লাহর সার্বভৌমত্বের আযান দিলেন। সেদিন বেলালের (রা.) পায়ের নিচে মহাপবিত্র বায়তুল্লাহ কাবা। আল্লাহর রসুল প্রমাণ করে দিলেন যে মো'মেনের সম্মান কাবার উর্ধ্বে। একটি প্রাসঙ্গিক প্রশ্ন হচ্ছে- আল্লাহর রসুলের সঙ্গে তো আরো দশ হাজার সাহাবি ছিলেন, তাদের মধ্যে কোরায়েশ সাহাবিরও অভাব ছিল না, তা সত্ত্বেও রসুলাল্লাহ বেলালকে (রা.) কেন কাবার উপরে ওঠালেন।

প্রকৃতপক্ষে জাত্যাভিমানে অন্ধ কোরায়েশদের গালে এটি ছিল এক চপেটাঘাত। যে বেলালকে (রা.) তারা পশুরও অধম মনে করত, আজ সেই বেলাল (রা.) তাদের উদ্দেশে আযান গাইছেন। কথিত আছে, রসুলাল্লাহর পিতামহ আব্দুল মোত্তালেব যিনি ছিলেন এই কাবার সেবায়েত, তিনি তার দীর্ঘ শুভ্র শশ্রুরাশি দিয়ে কাবার ধূলা পরিষ্কার করতেন। এভাবেই কোরায়েশরা কাবাকে ভক্তি-শ্রদ্ধা করত। সেই কাবার উপরে যাকে তারা কিছুদিন আগেও মানুষ হিসাবে গণ্য করত না, আল্লাহর রসুল তাঁকে কাবার ঊর্ধ্বে উঠিকে মানুষের সম্মান, মো'মেনের সম্মান প্রতিষ্ঠা করলেন। মানুষের প্রকৃত সম্মান অনুভব করতে পেরেছিলেন বলেই কবি নজরুল লিখতে পেরেছিলেন,

মূর্খরা সব শোনো,
মানুষ এনেছে গ্রন্থ; - গ্রন্থ আনে নি মানুষ কোনো।
জগতের যত পবিত্র গ্রন্থ ভজনালয়
H GKLwb ক্ষুদ্র দেহের সম পবিত্র নয়।

এ ঘটনা প্রমাণ যে সকল ধর্মগ্রন্থ, কাবাসমেত সকল উপাসনালয় মানুষের কল্যাণের জন্য এসেছে, মানবতার জন্যে এসেছে। তাদের কারো সম্মান মো'মেনের ঊর্ধ্বে নয়। এ ঘটনার দ্বারা আল্লাহর রসুল কোরায়েশদের অহংকার, আরব জাতীয়তাবাদীদের অহংকার মরুভূমির বালুতে মিশিয়ে wদলেন। কিন্তু সেই জাহেলিয়াত রসুলাল্লাহ থাকতেই বার বার কোরায়েশদের মধ্যে মাথা চাড়া দিয়ে উঠতে চেয়েছে, রসুলাল্লাহ ও প্রকৃত উম্মতে মোহাম্মদীর বিদায়ের পর কোরায়েশদের বংশীয় আভিজাত্যের গরিমা আবার ফিরে এসে ইসলামকে কলঙ্কিত করেছে। এটা মহাসত্য যে, আরবি জোব্বা পরে পারস্য ও রোমান সাম্রাজ্যের আদলে আরবি সাম্রাজ্য প্রতিষ্ঠার জন্য আল্লাহ যেমন তাঁর নবীকে পাঠান নি, তেমনি নবীও আরবি সাম্রাজ্য পরিচালনার জন্য উম্মতে মোহাম্মদী জাতি গড়ে যান নি। অথচ এটাই মুসলিম জাতির পরবর্তী দুঃখজনক ইতিহাস। আজও সেই আরবরাই আল্লাহ-রসুলের নাম আর ইসলামকে বিক্রি করে খাচ্ছে, তারা পশ্চিমা সভ্যতা তথা দাজ্জালের

সঙ্গে আঁতাত করে মুসলিম নামক এই জাতিকে ধ্বংসের ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। আরব রাজা-বাদশাহদের অর্থে পরিচালিত যুদ্ধে লক্ষ লক্ষ মুসলিম দাবিদারকে হত্যা করা হচ্ছে। আর আভিজাত্যের পূজারি আরব রাজা বাদশাহরা কাবার মোতয়াল্লি সেজে প্রতিবছর কাবার গেলাফ পরিবর্তনের অনুষ্ঠান করছে। আল্লাহ কাবাকে পোশাক পরাতে বলেন নি। এটা করুণ উপহাস যে, জজিরাতুল আরবের বহু দেশেই যখন অন্ন-e¯nxb, Avkqnxb মুসলিমদের মিছিল দিন দিন দীর্ঘ হচ্ছে, তাদেরকে আবাসন, খাদ্য-e¯ bv দিয়ে, জীবনের নিরাপত্তা না দিয়ে, তাদের মাতৃভূমি ফিরিয়ে দিতে সচেষ্ট না হয়ে তারা সাড়ম্বরে কাবা শরীফকে পোশাক পরিধান করায়। কারণ কাবা গৃহ, হজ্ব, ওমরাহ ইত্যাদি তাদের জাতীয় ধর্মব্যবসার উপকরণ। তারা গরীব দেশগুলো থেকে দাস-দাসী খরিদ করে নিয়ে মানবেতর জীবনযাপনে বাধ্য করছে, সর্বপ্রকার মানবাধিকার থেকে বঞ্চিত রাখছে, গৃহকর্মীদের উপর যৌন নির্যাতন পর্যন্ত করছে। এই অসভ্যরা আমাদের দেশের মানুষদেরকে বলে মিসকিন। তারা ভুলে গেছে যে, আল্লাহর রসুল ক্রীতদাস বেলালকে (রা.) কাবার উপরে স্থান দিয়েছিলেন।

পরিশেষে আমরা পাঠককে মনে করিয়ে দিতে চাই, আমরা ইতঃপূর্বে যায়েদ সম্পর্কে আলোচনা করেছি। তাঁকেও জোর করে দাস বানানো হয়েছিল, তবে তাঁর সৌভাগ্য হচ্ছে তিনি আম্মা খাদিজার (রা.) মত মহিয়সী নারীর গৃহে স্থান লাভ করেছিলেন। ইসলাম গ্রহণকারী সকল ক্রীতদাসকেই আল্লাহর রসুল হৃদয় দিয়ে ভালোবেসেছিলেন, স্বাধীন মানুষের সমমর্যাদা দান করেছিলেন, মুসলিম উম্মাহর ভাই বানিয়ে সমাজে সম্মানের আসনে অধিষ্ঠিত করেছিলেন। এর থেকে ন্যায়বিচার, এর থেকে সাম্যবাদ, এর থেকে মানবতা পৃথিবীর ইতিহাসে কেউ দেখাতে পারে নি।

এমামুয্‌যামান জনাব মোহাম্মদ বায়াজীদ খান পন্নীর লেখা থেকে

উম্মতে মোহাম্মদীর সংগ্রাম কিসের লক্ষ্যে?

শেষ নবীর আগে যে সব জীবনব্যবস্থা, দীন আল্লাহ পাঠিয়েছেন, সেগুলি মানুষ কেমন করে বিকৃত, অকেজো করে ফেলেছে তা অবশ্যই আল্লাহ জানতেন। তাই এবারও যাতে এই শেষ দীনের ঐ বিকৃতি না হয় সেজন্য আল্লাহ তার কোর'আনে কতকগুলি সতর্কবাণী পরিষ্কারভাবে নিবন্ধভুক্ত করলেন। এই মহা প্রয়োজনীয় ব্যাপারে শুধু যে আল্লাহ মানুষকে সতর্ক করলেন তাই নয়, তার প্রেরিত বিশ্বনবীও যে সব ভাবে পুর্ববর্তী জীবন বিধানগুলি বিকৃত হয়ে গেছে সেই সব প্রতিটি ব্যাপারে তার অনুগামীদের, তার জাতিকে বারবার সতর্ক করে দিলেন। এর আগে ধর্মের বিকৃতি অধ্যায়ে যে সব কারণ লিখে এসেছি GLb Zv GKUv GKUv Kরে লক্ষ্য করুন।

ক) নবীর পৃথিবী থেকে বিদায় নেবার পর অতি ভক্তির প্রাবল্যে তাকে ক্রমশঃ উর্দ্ধে উঠাতে উঠাতে স্বয়ং স্রষ্টার, আল্লাহর আসনে বসিয়ে দেয়া বা স্রষ্টাই নবীর মুর্তিতে স্বশরীরে আবির্ভূত হয়েছিলেন বিশ্বাস ও প্রচার করা। শেষনবীর অনুসারীরাও যেন সে ভুল না করে সেজন্য আল্লাহ পরিষ্কার বলে দিলেন- পূর্ববর্তী নবীদের মতো মোহাম্মদও (দ.) মানুষ (সুরা ইমরান ১৪৪)। তার প্রেরিত রসুলও বারবার একথা এমন জোরালোভাবে বলে গেলেন যে তা তার জাতির হৃদয়ে প্রোথিত হয়ে গেল।

খ) পূর্ববর্তী নবীদের উম্মাহগুলির মতো ধর্ম ও জীবনব্যবস্থাকে অতি বিশ্লেষণ করে ধ্বংস যাতে না করে সে জন্য আল্লাহ সাবধানবাণী উচ্চারণ করলেন- দীন নিয়ে বাড়াবাড়ি কর না (সুরা নেসা ১৭১, সুরা মায়েদা ৭৭)। বিদায় হজ্বেও রসুলাল্লাহ তাঁর উম্মাহকে লক্ষ্য করে ঐ একই কথা বললেন। অর্থাৎ

দীন নিয়ে বাড়াবাড়ি করো না। বিদায় হজ্বে তিনি যে সব বিষয়ে তার উম্মাহ ভুল করে গোমরাহ হয়ে যাবার বিষয়ে তিনি আশংকা ও ভয় করছিলেন সেই বিষয়ে উম্মাহকে শেষবারের মতো সাবধান করে দিচ্ছিলেন।

রসুল আল্লাহর এই বাণীকে ব্যাখ্যা করে তার সাহাবা, সাথীদের বললেন- আমাকে বেশি প্রশ্ন কোর না। তোমাদের পূর্ববর্তী জাতি (উম্মাহ) গুলো তাদের নবীদের বেশি প্রশ্ন করত। তাই নিয়ে মতভেদ, দলাদলি করে ধ্বংস হয়ে গেছে। কাজেই আমি যেটুকু করতে বলি সেটুকুই কর। বেশি করতে গেলে আগের জাতিগুলির মতো ধ্বংস হয়ে যাবে।

কিন্তু কথা আছে। আহ্বান করে, বুঝিয়ে মানুষকে এই জীবন-বিধানের আওতায় আনার চেষ্টায় বিফল হয়ে অস্ত্র ধরা এবং মানুষকে অস্ত্রের জোরে ধর্মান্‌iZ Ki\- এই দু'য়ের মধ্যে সূক্ষ্ম অথচ বিরাট এক পার্থক্য আছে। আল্লাহর রসুল (দ.) তার জীবনেই ঐ পার্থক্যকে পরিষ্কারভাবে তার সাহাবাদের অর্থাৎ উম্মতে মোহাম্মদীকে বুঝিয়ে দিয়ে গেছেন এবং ঐ উম্মাহ পরবর্তীকালে তা অক্ষরে অক্ষরে পালন করে গেছেন। পার্থক্যটা হচ্ছ GB: একদিকে যেমন আল্লাহ বিশ্বনবীকে (দ.) জানিয়ে দিলেন যে তাকে তিনি পৃথিবীতে পাঠিয়েছেন এই জন্য যে তিনি (নবী) পৃথিবীর সমস্ত iKg Rxeb-ব্যবস্থাকে নিষ্ক্রিয়, অকেজো করে দিয়ে এই ব্যবস্থা, শেষ ইসলামকে পৃথিবীময় প্রতিষ্ঠা করেন (সুরা ফাতাহ ২৮, আত তওবা ৩৩, আস সাফ্ ৯)। ঐ সঙ্গে \Zনি উম্মতে মোহাম্মদীকে আদেশ করেছেন সশস্ত্র সংগ্রাম করে এই দীন mg¯ পৃথিবীতে প্রতিষ্ঠা করে সমস্ত অশান্তি, অন্যায়, রক্তপাত নিশ্চিহ্ন করে পৃথিবীতে শান্তির রাজ্য প্রতিষ্ঠা করতে (সুরা আনফাল ৩৯)। তার (দ.) নিজের প্রতি আল্লাহর ঐ আদেশ এবং মুসলিম উম্মাহর প্রতি আল্লাহর আদেশকে একত্র করলে যা হয় রসুলাল্লাহ (দ.) তা আমাদের জানিয়ে দিচ্ছেন। বলছেন- আমি আদিষ্ট হয়েছি (আল্লাহ কর্তৃক) সশস্ত্র সংগ্রাম চালিয়ে যেতে, যে পর্যন্ত না পৃথিবীর মানুষ আল্লাহকে একমাত্র প্রভু ও আমাকে তার

প্রেরিত বলে স্বীকার করে নেয়, সালাত প্রতিষ্ঠা করে ও যাকাত দেয় (হাদিস- আবদুল্লাহ এবনে ওমর (রা.) থেকে বোখারি, মেশকাত)। এক কথায় জেহাদ কার্যতঃ মুসলিম জাতির জন্য অবশ্য কর্তব্য, ফরদ হয়ে গেল।

এখানে জেহাদ বলতে আমি সশস্ত্র সংগ্রাম, কেতালকে বোঝাচ্ছি। কারণ নিজ AvZ¥i, ¥ici, K-প্রবৃত্তির বিরুদ্ধে জেহাদ থেকে শুরু করে কথা বলে, যুক্তি দিয়ে, লিখে মানুষকে ইসলামের দিকে আহ্বান করার জেহাদতো আছেই, আমি উপরোক্ত ব্যাপারে সশস্ত্র সংগ্রামের কথা বলছি এই জন্য যে, কোর'আনের যে আয়াত ও বিশ্বনবীর (দ.) যে হাদীসের উদ্ধৃতি দিলাম, উভয়টাকেই আল্লাহ ও তার রসুল (দ.) জেহাদ শব্দ ব্যবহার করেন নি, করেছেন কেতাল শব্দ ব্যবহার, যার অর্থ সশস্ত্র সংগ্রাম, যুদ্ধ। অন্য দিকে তেমনি আল্লাহ নির্দেশ দিচ্ছেন, "জোর করে কাউকে ধর্মান্তরিত করবে না" (সুরা বাকারা ২৫৬)। আল্লাহ তার নবীকে (দ.) ও তার উম্মাহকে আদেশ দিচ্ছেন সশস্ত্র সংগ্রাম করে সমস্ত পৃথিবীর মানুষকে এই শেষ ইসলামের মধ্যে নিয়ে এসে শান্তি প্রতিষ্ঠার জন্য, আবার বলছেন কাউকে জোর করে ধর্মান্ত¥iZ করবে না- Aপাতদৃষ্টিতে এ অসামঞ্জস্যপূর্ণ আদেশকে শেষ নবী (দ.) পরিষ্কার করে দিয়েছেন অনেক বার। যখনই তিনি তার মুজাহিদদের কোনো শত্রুর বিরুদ্ধে পাঠিয়েছেন, প্রত্যেকবার তিনি তাদের নির্দেশ দিয়ে দিয়েছেন যে প্রত্যেক সংঘর্ষের আগে বিরোধীদের তিনটি শর্ত দেবে। যে শর্তগুলি এর আগে উল্লেখ করে এসেছি। উদ্দেশ্য অতি পরিষ্কার। এ দীন আমাদের সমস্ত পৃথিবীতে প্রতিষ্ঠা করতেই হবে, তা না হলে পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠিত হবে না। এই কাজ করতেই আল্লাহ তার নবীকে (দ.) পাঠিয়েছেন। এই করতেই আমরা পার্থিব সর্ব কিছু কোরবান করে এখন প্রাণটাও কোরবান করতে তোমাদের সামনে দাঁড়িয়েছি। কিন্তু কাউকে জোর করে ধর্মান্ত¥iZ Kiv আমাদের উদ্দেশ্য নয়। উদ্দেশ্য রাষ্ট্রীয়, রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যবস্থা হবে এই শেষ ইসলামের ব্যবস্থা অনুযায়ী। কিন্তু যাদের ইচ্ছা তারা ব্যক্তিগতভাবে তাদের পূর্ববর্তী বিকৃত দীনকে ধরে রাখতে পারে, আমাদের আপত্তি নেই।

সর্বাত্মক সংগ্রাম করে প্রয়োজনে যুদ্ধ করে জাতীয় জীবনে শান্‌ি cÖZôv । ব্যক্তিকে তার সম্পূর্ণ স্বাধীন ইচ্ছার উপর ছেড়ে দেয়া- এই হলো দীন বিস্‌ তারের "জেহাদ" ও "ধর্মে শক্তি প্রয়োগ নেই"- এর সীমারেখা ও পার্থক্য। এই সীমারেখা সম্বন্ধে উম্মতে মোহাম্মদীর ধারণা অর্থাৎ আকিদা কত পরিষ্কার ছিল তা আমরা দেখি খলিফা ওমরের (রা.) কাজে। পবিত্র জেরুসালেম শহর মুজাহিদ বাহিনীর কাছে আত্মসমর্পণ করার পর খলিফা ওমর বিন খাত্তাব (রা.) ঘুরে ঘুরে শহরের দর্শনীয় বস্তুগুলি দেখার সময় যখন খ্রিষ্টানদের একটি অতি প্রসিদ্ধ গির্জা দেখছিলেন তখন নামাযের সময় হওয়ায় তিনি গির্জার বাইরে যেতে চাইলেন। জেরুজালেম তখন সবেমাত্র মুসলিমদের অধিকারে এসেছে, তখনও কোন মসজিদ তৈরিই হয় নি, কাজেই নামায খোলা ময়দানেই পড়তে হতো। জেরুসালেমের প্রধান ধর্মাধ্যক্ষ বিশপ সোফ্রোনিয়াস ওমরকে (রা.) অনুরোধ করলেন ঐ গির্জার মধ্যেই তার সঙ্গী-সাথীদের নিয়ে নামায পড়তে। ভদ্রভাবে ঐ অনুরোধ প্রত্যাখ্যান করে ওমর (রা.) গির্জার বাইরে যেয়ে নামায পড়লেন। কারণ কি বললেন তা লক্ষ্য কোরুন। বললেন- আমি যদি ঐ গির্জার মধ্যে নামায পড়তাম তবে ভবিষ্যতে মুসলিমরা সম্ভবতঃ একে মসজিদে পরিণত করে ফেলতো। একদিকে ইসলামকে পৃথিবীময় প্রতিষ্ঠিত করতে সর্বস্ব পণ করে দেশ থেকে বেরিয়ে সুদূর জেরুসালেমে যেয়ে সেখানে রাষ্ট্রীয় পর্যায়ে ইসলাম প্রতিষ্ঠা, অন্যদিকে খ্রিষ্টানদের গির্জা যেন কোনো অজুহাতে মুসলিমরা মসজিদে পরিণত না করে সে জন্য অমন সাবধানতা। এই হলো "ধর্মে বল প্রয়োগ নেই" এবং 'সশস্ত্র সংগ্রাম করো যে পর্যন্‌ না পৃথিবী থেকে সমস্‌ অন্যায়, রক্তপাত, অশান্‌ি শেষ হয়ে না যায়' এর প্রকৃত অর্থ। ঐ অর্থ এবং তফাৎ বিশ্বনবীর (দ.) আসহাব এবং উম্মতে মোহাম্মদী সঠিকভাবে বুঝেছিলেন বলেই তারা সশস্ত্র সংগ্রামের মাধ্যমে পৃথিবীর যে বিরাট অংশে দীন ইসলাম প্রতিষ্ঠা করেছিলেন সেখানে ইসলামিক, রাজনৈতিক, আর্থ-সামাজিক ও আইন প্রশাসন ব্যবস্থা চালু করলেও কাউকে বল প্রয়োগে কিম্বা প্রলোভন দেখিয়েও ধর্মান্‌রিত করেন নি। করলে ঐ বিরাট

ভূখণ্ডে আজ একটাও অমুসলিম থাকতে পারত না। বরং অন্যান্য ধর্মের মন্দির, গির্জা সীনাগগের রক্ষা ও নিরাপত্তার ভার ছিল মুসলিমদের হাতে। অমুসলিমদের ধর্মীয় স্বাধীনতাসহ সব রকমের অধিকারকে রক্ষা করতে ইসলামী রাষ্ট্র ও মুসলিম প্রশাসন কত দূর গেছে তার হাজারো ঘটনা ইতিহাস হয়ে আছে, যা পড়লে হতবাক হয়ে যেতে হয়। এমন ঘটনা দিয়ে এই উম্মাহর ইতিহাস ভরপুর যেখানে তারা একটি অমুসলিম জাতির সামরিক প্রতিরোধ চূর্ণ করে তাদের ইসলামী আইন ও শাসনের অধীনে এনেছে, তারপর অল্পদিনের মধ্যেই এই নতুন জীবন-ব্যবস্থার ফলে সুবিচার, শান্ত I নিরাপত্তা দেখে অভিভূত হয়ে দলে দলে অমুসলিম স্বেচ্ছায় ইসলামে প্রবেশ করেছে, ফলে মুসলিমরা সংখ্যাগরিষ্ঠে পরিণত হয়েছে। সশস্ত্র সংগ্রাম করে তাদের ইসলামের জীবন-ব্যবস্থার অধীনে না আনলে লক্ষ যুক্তি-তর্কে ও তবলিগে এটা ঘটতে পারতো না। তাই আবু যর (রা.) বলেছিলেন- Avjvni i\¯ায় জেহাদ ইসলামে এক বিশেষ কর্তব্য। এই জেহাদের মাধ্যমে মুসলিমরা লোকদের গলায় শিকল দিয়ে নিয়ে আসেন; অতঃপর ঐ লোকগণই স্বেচ্ছায় ইসলাম গ্রহণ করে নেয়।

মানব জাতির নিখুত আদর্শ, স্রষ্টার শ্রেষ্ঠ রসুলের (দ.) অনুসারী এই মহাজাতির এই যে চরম আত্মত্যাগ এর একমাত্র কারণ সমস্ত পৃথিবীতে শান্তি, ইসলাম স্থাপন, ইবলিসের যে চ্যালেঞ্জ আল্লাহ গহণ করেছেন তাতে আল্লাহকে জয়ী করা। আল্লাহর জন্য ও মানুষের কল্যাণের জন্য উভয় দিক থেকেই এর চেয়ে বড়, এর চেয়ে মহান কাজ, মহান আমল আর সম্ভব নয়। তাই সর্বজ্ঞানী সর্বশ্রেষ্ঠ বিচারক স্রষ্টা এই সর্বত্যাগী সংগ্রামীদের জন্য রেখেছেন তার সর্বশ্রেষ্ঠ পুরস্কার- বিনা বিচারে দেহান্তরের সঙ্গে সঙ্গে সবো\Ëg জান্নাত আর রেখেছেন এ উম্মাহর সর্বশ্রেষ্ঠ সম্মান- তাদের মৃত পর্যন্ত ejvi উপর নিষেধাজ্ঞা। অথচ সভ্যতার দাবিদার পাশ্চাত্যের বুদ্ধিবাদী এবং শিক্ষিতরা এই মহান ব্রতকে সাম্রাজ্যবাদী আগ্রাসন, তলোয়ারের জোরে ধর্মান্তর করা বলে অভিহিত করেছেন। শুধু তাই নয় তাদের শিক্ষায় শিক্ষিত

প্রাচ্যের, এমন কি এই জাতির অন্তর্ভুক্ত অনেক বুদ্ধিজীবীও তাদের প্রভুদের সুরে সুর মিলিয়েছেন। তবে সবাই নয়। এ দীনের, জীবনব্যবস্থার বিরোধী পাশ্চাত্যের পণ্ডিতদের প্রত্যেকেই যে অন্ধ তা নয়। কেউ কেউ আছেন ও ছিলেন যারা সত্য আংশিকভাবে হলেও দেখতে পেয়েছেন এবং স্বীকার করেছেন। যেমন De Lacy O Leary লিখেQb, ÔBwZnvmB GK_v পরিষ্কার করে দেখায় যে, ইতিহাসবেত্তারা যত কিছু পুনরাবৃত্তি করেছেন তার মধ্যে পৃথিবীতে দ্রুত ধাবমান ধর্মান্ধ গোঁড়া মুসলিম তলোয়ারের জোরে অন্য জাতিগুলির উপর ইসলাম চাপিয়ে দিচ্ছে, এই উপকথা অত্যন্ত উদ্ভট কল্পনা ও nvm¨Ki wg_¨vi Ab¨Zg (Islam at the cross Roads – D Lacy O Leary)। এখানে লক্ষ্য কোরুন লেখক, পুনরাবৃত্তি শব্দটা ব্যবহার করেছেন অর্থাৎ এই উদ্ভট কল্পনা ও হাস্যকর মিথ্যাটি যে তথাকথিত ইতিহাসবেত্তারা বারবার উল্লেখ করেছেন, লিখেছেন সে সম্বন্ধে তিনি সচেতন।

এ গেল তলোয়ারের জোরে ইসলাম চাপিয়ে দেয়ার ব্যাপার। তারপর কেন এ সংগ্রাম এ সম্বন্ধে ইতিহাসবেত্তা Lothrop লিখেছেন- "যে পুরাতন প্রতিদ্বন্দ্বিতা ও পুরুষানুক্রমিক রক্তাক্ত বিবাদের দরুন ও আত্মকলহে তাদের শক্তি নিঃশেষ হোচ্ছিল তা ভুলে যেয়ে এবং নতুন বিশ্বাসের আগুনে উজ্জ্বল ঐক্যে দৃঢ় সংঘবদ্ধ হয়ে আরবরা তাদের মরুভূমি থেকে বানের ঢলের মত নির্গত হলো- GK Ges mZ¨ Avjvni Rb¨ cথিবী জয় করতে।" তারপর এ `xb Rxeb-বিধান যে কোনো জাতি বা গোত্র বা ঐ ধরনের কোনো কিছুর মধ্যে সীমিত থাকার জন্য নয়, এ দীনকে অধ্যয়ন করার পর এ কথাও অনুধাবন করতে পেরেছেন অনেকেই। যেমন বিশ্বনবী (দ.) সম্বন্ধে লিখতে চেয়ে Joseph J. Nunan লিখেছেনঃ His creed.... necessarily connotes the existance of Universal empire. A_vr Zvi (মোহাম্মদ) ধর্ম অবশ্যই একটি বিশ্ব সাম্রাজ্যের অর্থ বহন করে (Islam and European Civilization – Joseped J. Nunan)|

মনে রাখতে হবে যে খ্রিষ্টান ঘঁহধহ এ কথা মহানবী (দ.) বা ইসলামের প্রশংসায় বলছেন না, বলছেন নিন্দা করে। অ_vr wek mvgvR¨ cwZôvi gZ নিন্দনীয় কাজ হচ্ছে মোহাম্মদের (দ.) এবং তার ধর্মের। এটা যে ঘঁহধহ এর দৃষ্টিতে সাম্রাজ্যবাদ তার কারণ পৃথিবীময় একটা আদর্শ, একটি সংবিধান প্রতিষ্ঠা তাদের আকিদায় (ঈড়হপবঢ়ঃ) এ আসে না। আমার বক্তব্য হচ্ছে, ঐ সব খ্রিষ্টান চিন্তাবিদরা যে সত্য এই দীনে দেখতে পেয়েছেন অর্থাৎ-

ক) তলোয়ারের জোরে মানুষকে এ দীন গ্রহণ করতে বাধ্য করা হয় নি।

খ) এই উম্মাহ একটি আদর্শ প্রতিষ্ঠার জন্য সংগ্রাম করেছে এবং

M) H Av`kwU mg¯ পৃথিবীর মানব জাতির জন্য। এই সত্য আজ এই RwZi mg¯ রকম কাজ, চিন্তা এবং আকিদার বাইরে। ওগুলো কোনোটার মধ্যেই আজ এই জাতি নেই। আছে হাস্যকর খুটিনাটির মধ্যে জড়িয়ে, স্থবির হয়ে মাকড়সার জালে আবদ্ধ মাছির মত। দীনের প্রকৃত উদ্দেশ্য বিশ্বনবীর (দ.) ও তার আসহাবদের (রা.) প্রকৃত সুন্নাহ থেকে যে তারা লক্ষ কোটি মাইল দূরে সে বোধ পর্যন্ত হারিয়ে গেছে।

আমরা ইতিহাসে পাই, এই প্রকৃত উম্মতে মোহাম্মদী, মো'মেন ও মুসলিম উম্মাহ শেষ নবীর (দ.) ওফাতের পর থেকে তার আরব্ধ কাজ চালিয়ে গেল এবং পৃথিবীর এক বিরাট এলাকা তাদের অধীনে এল, মানব জাতির একটা উল্লেখযোগ্য অংশকে শেষ জীবনব্যবস্থার সুফল উপহার দিলো। এ বিজয়কে অমুসলিম ইতিহাসবেত্তারা সাম্রাজ্যবাদী বিজয় এবং মুসলিম শাসনাধীন Gj াকাকে ইসলামী সাম্রাজ্য বলে অভিহিত করেছেন, এমনকি নিজস্ব স্বত্তাহীন মুসলিম ইতিহাসবেত্তারাও তাদের নকল করে একে "মুসলিম সাম্রাজ্য, ইসলামী সাম্রাজ্য" ইত্যাদি বলে আখ্যা দিয়েছেন। তারা বোঝেন নি যে সামরিক শক্তিবলে দখল করলেও ওটা 'সাম্রাজ্য' ছিল না, ছিল একটা আদর্শ cwZôvi msMvg| mvgাজ্যবাদ যে শোষণ ও অন্যায় করে, ওটা ছিল তার ঠিক উল্টো, শোষণ ও অন্যায় বন্ধ করে ন্যায় ও শান্তি প্রতিষ্ঠা। ইতিহাসকে সত্যান্বেষী মন দিয়ে পড়লে ঐ ইতিহাসবেত্তারা দেখতে পেতেন যে যারা

আল্লাহর দেয়া দীন, জীবন-ব্যবস্থাকে প্রতিষ্ঠা করতে সশস্ত্র বাধা দেয় নি তাদের কোনো সম্পদ মুসলিম বাহিনী হস্গত করে নি, তাদের কোনো শোষণ করে নি। প্রত্যেক মুসলিমের উপর যে কর ধরা হতো অমুসলিমের উপরও সেই কর ধরা হতো। জাতির নিরাপত্তার জন্য প্রতিটি মুসলিমের জন্য অস্ত্রধারণ বাধ্যতামূলক, অর্থাৎ ফরদ। কিন্তু অমুসলিমদের জন্য অস্ত্রধারণ বাধ্যতামূলক ছিল না, ছিল ঐচ্ছিক। তবে যারা ভূখণ্ড শত্রু দ্বারা আক্রান্ হলে অস্ত্র ধরতে রাজি ছিল না তাদের রক্ষার জন্য তাদের উপর একটা সামান্য অতিরিক্ত কর ধরা হতো। তাও দুর্বল, বৃদ্ধ, স্ত্রীলোক, শিশু এমন কি রোগাক্রান্ লোকদের বাদ দিয়ে শুধু যুদ্ধক্ষম, কিন্তু অস্ত্র করতে রাজি নয়, - এমন লোকদের উপর ঐ কর ধরা হতো- যার নাম জিজিয়া। যে শ্রেণিটি ইসলামকে একটি নির্যাতনমূলক ধর্ম বলে দেখাতে চায় তারা এই জিজিয়াকে 'বিধর্মী নির্যাতন' বলে প্রচার করে থাকে। কিন্তু তারা প্রচলিত রাষ্ট্রব্যবস্থার দিকে তাকিয়ে দেখেন না যে সকল রাষ্ট্রেই এখনও সামরিক বাহিনী লালন-পালন করা হয় ঐ রাষ্ট্রের সমস্ জনগণের দেওয়া করের টাকায়। জাতীয় রাজস্বের সিংহভাগই এদের পেছনে ব্যয় করা হয়। কেন? এই জন্য যে, এই সেনাবাহিনী দেশকে, দেশের নাগরিকদেরকে বহিঃশত্রুর হাত থেকে রক্ষা করবে। অর্থাৎ এটা স্বীকৃত যে একটি জাতির মধ্যে যারা সৈন্য বাহিনীতে ভর্তি হবেন, তাদের লালন-cvjb, fiY-পোষণের জন্য জাতির অন্য সদস্য বা নাগরিকরা কর দেবেন। অমুসলিমদের মধ্যে যারা আক্রান্ হলে মুসলিমদের সাথে নিজেদের রক্ষার জন্য অস্ত্র ধরতে রাজি ছিল তাদের উপর ঐ জিজিয়া ধরা হতো না। এর চেয়ে ন্যায্য নীতি আর কি হতে পারে? এই আদর্শ প্রতিষ্ঠার সংগ্রামকে যারা সাম্রাজ্যবাদ বলে নাম দিয়েছে তারাই অস্ত্রের বলে mg¯ প্রাচ্য অধিকার করে কয়েকশ বছর ধরে তাকে নিঃশেষে শোষণ করেছে, Zv AvR BwZnvm|

এইখানে একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়ও উল্লেখ করা প্রয়োজন মনে করছি। ইসলামের এই যে উদ্দেশ্য পুরণের নীতি- অর্থাৎ পার্থিব জীবনের সব কিছু

Avjvni iv¯ায় কোরবান করে দিয়ে শেষে প্রাণটুকু পর্যন্ত তাকে নিবেদন করে সশস্ত্র সংগ্রাম করে জয়ী হয়ে বিজিত জাতির অন্যায় জুলুমের আইন ও শাসন ব্যবস্থা ফেলে দিয়ে সেখানে আল্লাহর দেয়া জীবনব্যবস্থা প্রতিষ্ঠা, অথচ বিজিত জাতির মানুষগুলির ব্যক্তিগত জীবনে যে কোনো ধর্ম পালন করার পূর্ণ ¯vaxbZv `vb- এই নীতি নিঃসন্দেহে প্রমাণ করে যে, ইসলাম অনেক বেশি অগ্রাধিকার দেয় জাতীয় জীবনকে, আইনকে, শাসনতন্ত্রকে, ব্যক্তি জীবনকে নয়। ইসলামের উদ্দেশ্য হলো জাতীয় জীবনে আল্লাহর দেয়া আইনের শাসন প্রতিষ্ঠা করা, যেটা করা হলে সামাজিক ও জাতীয় জীবনে ন্যায়বিচার, শান্তি প্রতিষ্ঠিত হবে। ব্যক্তি যদি তার ব্যক্তিগত জীবনে ভুল পথ আঁকড়িয়ে থাকে তবে সে তার ফল ভোগ করবে ঐ ব্যক্তিগত ভাবে, জাতীয় জীবনে নয়। RvZxq জীবন যদি ভুল আইন কানুনের উপর প্রতিষ্ঠিত থাকে তবে ব্যক্তি জীবন সৎ কাজের উপর থাকলেও তা স্থায়ী হবে না। বৃহত্তর জাতীয় জীবনের চাপে ও প্রভাবে তা বিলীন হয়ে যাবে। যেমন বর্তমান পৃথিবীতে লক্ষ কোটি মানুষ অতি নিষ্ঠার সাথে ধর্মকর্ম, সৎ কাজ, করলেও পৃথিবী অন্যায়, অবিচারে, রক্তপাতে পূর্ণ হয়ে আছে এবং প্রতিদিন ঐসব অতি দ্রুত হারে বাড়ছে, যেকোন পরিসংখ্যানই একথা বলে দেবে। ব্যক্তিগত ভাবে সাধু হয়ে থাকা ও জাতীয় জীবনকে ভুল আইন কানুন ইত্যাদির হাতে ছেড়ে দেওয়ার ফলে মানব জাতি আজ শুধু প্রচণ্ড অশান্তিতেই ভুগছে না, প্রলয়ংকরী আণবিক যুদ্ধে ধ্বংস হয়ে যাওয়ার মুখে এসে দাঁড়িয়েছে। সর্বাত্মক সংগ্রাম (জেহাদ ও কেতাল) করে অন্য জাতিগুলির রাষ্ট্র ব্যবস্থা অধিকার করে সেখানে আল্লাহর দেয়া শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করেও ব্যক্তি ধর্মজীবনকে তার স্বাধীন ইচ্ছার উপর ছেড়ে দেয়া, শুধু ছেড়ে দেয়া নয়, তাদের ধর্মগুলিকে রক্ষা করার দায়িত্ব সরকারিভাবে গ্রহণ করা প্রমাণ করে যে, দীন ইসলামের মূল উদ্দেশ্য হচ্ছে জাতীয়, রাষ্ট্রীয়, ব্যক্তিগত নয়। তা না হলে যুদ্ধে জয়ী হয়ে তারা পরাজিত জতিগুলিকে তাদের ধর্ম ত্যাগ করে শেষ ইসলামকে গ্রহণ করতে বাধ্য করতেন এবং তা করলে আল্লাহর নির্দেশ ‘ধর্মে কোনো জবরদস্তি নেই’ অমান্য

করা হতো এবং শত্রুদের "তলোয়ারের জোরে মুসলিমরা ধর্মান্তরিত করেছে" এ অপবাদ সত্য হতো।

সংক্ষেপে বললে বলতে হয় রসুলাল্লাহর (দ.) আসহাবরা (রা.) অর্থাৎ উম্মতে মোহাম্মদী হৃদয় দিয়ে উপলব্ধি করেছিলেন যে, তাদের অস্তিত্বের অর্থই হলো তাদের নেতা বিশ্বনবী মোহাম্মদের (দ.) সুন্নাহ অনুসরণ করা, অর্থাৎ তিনি সারা জীবনভর যে কাজটি করেছেন সেই কাজ চালিয়ে যাওয়া। সে কাজটি হচ্ছে, যেহেতু তিনি (দ.) সমস্ত পৃথিবীর জন্য প্রেরিত হয়েছেন কাজেই পৃথিবীময় এই শেষ ইসলাম প্রতিষ্ঠা করার সংগ্রাম করা। সে সংগ্রাম মানুষকে বুঝিয়ে, কথা বলে, লিখে এবং সংগ্রাম করে, সর্বতোভাবে। মহানবীর (দ.) জীবিতকালে তারা তাদের পার্থিব যা কিছু ছিল সব দিয়ে এবং শেষে প্রাণটুকু দিয়ে তাকে তার দায়িত্ব পুরণে সাহায্য করেছেন, তার প্রতি কাজে, প্রতি প্রচেষ্টায় তার সাথে থেকে তাকে আপ্রাণ সাহায্য করেছেন। তার প্রতিটি সুখ-দুঃখের তারা অংশীদার হয়েছেন। তারপর যখন তিনি তাদের মাঝ থেকে চলে গেলেন তখন তারা তাদের নেতার কাজে যেন কোনো বিরতি না হয় সেজন্য সেই সংগ্রাম পূর্ণভাবে চালু রাখলেন। সেই কাজের বিরাটত্ব, সংকট, বিপদ তাদের এক মুহূর্তের জন্য দ্বিধাগ্রস্থ করতে পারল না। কারণ তারা তাদের নেতার (দ.) পবিত্র মুখে শুনেছিলেন এই বলতে যে, যে আমার সুন্নাহ ত্যাগ করবে সে আমাদের কেউ নয় (হাদিস)। তারা বুঝেছিলেন 'তাঁর (দ.) ev তাদের কেউ নয়' অর্থ উম্মতে মোহাম্মদীই নয় এবং তাঁর সুন্নাহ হলো পৃথিবীতে এই জীবনব্যবস্থা প্রতিষ্ঠার সংগ্রাম। বিশ্বনবীর (দ.) আসহাব তাদের নিজেদের উম্মতে মোহাম্মদী হবার অর্থ কী বুঝেছিলেন এবং ঐ উম্মাহ কিসের প্রভাবে একটা অবজ্ঞাত, উপেক্ষিত জাতি থেকে এক রাতে বিশ্বজয়ী শক্তিতে রূপান্তরিত হয়েছিলেন তা দেখাতে ইতিহাস থেকে দু'একটা ঘটনা পেশ KiwQ|

উম্মতে মোহাম্মদীর মুজাহিদ বাহিনী শেষ ইসলাম পৃথিবীর বুকে প্রতিষ্ঠা করতে করতে আফ্রিকা মহাদেশের পশ্চিম উপকূলে যখন যেয়ে পৌঁছলেন

তখন তারা দেখলেন তাদের সম্মুখে মহাসমুদ্র, আর সামনে এগোবার পথ নেই। তখন নেতার (দ.) ও উম্মাহর উদ্দেশ্য সাধনে নিবেদিত প্রাণ সেনাপতি উকবা বিন না'ফে আটলান্টিক মহাসমুদ্রে তার ঘোড়া নামিয়ে দিলেন এবং যতদূর পর্যন্ ঘোড়ার পায়ের নীচে মাটি পাওয়া গেল ততদূর এগিয়ে গেলেন এবং তারপর আসমানের দিকে দু'হাত তুলে বললেন- Bqv Avjvn! GB মহাসমুদ্র বাধা না দিলে আমরা তোমার রাস্তায় আরও সম্মুখে অগ্রসর হতাম। আরও দেখুন পশ্চিমদিকে মুজাহিদ বাহিনীর সেনাপতি আমর (রা.) মিশরের আর্চ বিশপের কাছে যে প্রতিনিধি দল পাঠালেন তার দলপতি নিগ্রো উবায়দা (রা.) আর্চ বিশপকে কী বললেন। একজন নিগ্রোর সাথে ঘৃণাভরে আর্চ বিশপ প্রথমে কথাই বলতে চান নি। পরে যেহেতু সেনাপতি আমর (রা.) ঐ নিগ্রোকেই দলপতি করে পাঠিয়েছেন কাজেই বাধ্য হয়ে তার সাথে কথা বলতে হলো। উবায়দা (রা.) আর্চ বিশপকে বললেন, "আমাদের বাহিনীতে আমার মত এক হাজার কালো লোক আছে। আমরা শত শত্রু বাহিনীর সাথে একসাথে যুদ্ধ করতে তৈরি আছি। আমরা বেঁচেই আQ ïa Avjvni iv¯vq যুদ্ধ করার জন্য। আমরা ধন দৌলতের কোনো পরোয়া করি না। আমাদের শুধু পেটের ক্ষুধা মেটানো আর পরার কাপড়ের বেশি আর কিছুই চাই না। এই পৃথিবীর জীবনের আমাদের কাছে কোনো দাম নেই। এর পরের জীবনই আমাদের কাছে সব।" এ ঘটনা ইসলামের ইতিহাসে তো আছেই hviv আমাদের কোনো কিছুই ভালো দেখেন না তাদের ইতিহাসবেত্তারাও এই ঘটনাকে সত্য বলে গ্রহণ করেছেন। উম্মতে মোহাম্মদীর অবিশ্বাস্য বিজয়ের মূলে ছিল ইসলামের উদ্দেশ্য সম্বন্ধে ঐ আকিদা, ঐ দৃষ্টিভঙ্গি, এবং ঐ আকিদাই তাদের পরিণত করেছিল এক দুর্ধর্ষ যোদ্ধা, অপরাজেয় জাতিতে, যাদের নাম শুনলে অত্যাচারী জালেমদের আত্মা পর্যন্ কেঁপে উঠত। বিশ্বনবীর (দ.) উম্মাহ এবং প্রতিনিধি হিসাবে সর্বাত্মক সংগ্রামের মাধ্যমে mg¯ পৃথিবীতে এই শেষ ইসলামকে মানুষের রাজনৈতিক অর্থনৈতিক, প্রশাসনিক ও আইনগত জীবনে প্রতিষ্ঠা করে মানব জাতির মধ্যে শান্তি

(ইসলাম) প্রতিষ্ঠাই হচ্ছে শেষ ইসলামের সর্বপ্রavb I mec_g j¶¨ Ges রসুলাল্লাহর (দ.) প্রকৃত সুন্নাহ, এ কথা আশা করি উপস্থাপিত করতে পেরেছি।

কিন্তু দুর্ভাগ্যজনক বাস্বতা হলো, আজ সেই প্রচণ্ড গতিশীল, আকাশের মত উদার, সমুদ্রের মত বিশাল, সহজ-সরল ইসলাম ধর্মব্যবসায়ী আলেম মোল্লাদের খপ্পড়ে পড়ে সেটা আজ মসজিদ, মাদ্রাসা আর LvbKvi Pvi দেয়ালের মধ্যে বন্দী এবং দাড়ি, টুপি, জোব্বা ইত্যাদিতে আবদ্ধ হয়ে স্থবির, অন্র্মুখী, বিকৃত ও মরা। আর এই বিকৃত ইসলামটাকেই তারা বিক্রি করে খাচ্ছে। মানুষের জাতীয় ও সামাজিক জীবনে যেখানে শান্তি নেই, সেখানে তারা কী করে চোখ কান বন্ধ করে নামায, রোযা, জিকির-আসকারে gk¸j থাকে তা বুঝে আসে না।

চে'র মতো সেজেছেন তার ভক্ত একটি মেয়ে

এমামুয্যামান জনাব মোহাম্মদ বায়াজীদ খান পন্নীর লেখা থেকে

উদ্দেশ্যচ্যুত সমাজতন্ত্রী ও উদ্দেশ্যচ্যুত উম্মতে মোহাম্মদী

উদ্দেশ্য যদি ভুল হয় তাহলে কোন কিছুরই আর দাম থাকে না। ধরুন, ১০ জন লোক একটা উদ্দেশ্য নিয়ে রওয়ানা হলো, অর্ধেক পথ গিয়ে যদি ১০ জনের উদ্দেশ্য ভুলিয়ে দেওয়া যায় তাহলে কী হবে, একেকজন একেক কাজ করতে থাকবে, শেষ গন্তব্যস্থলে কেউই যেতে পারবে না। কাজেই ইসলামে এই জন্য সকল পণ্ডিতগণ একমত যে আকিদা ভুল হলে ঈমানের কোন দাম নেই। এই আকিদাই হলো (Comprehensive concept) mvgwMK ধারণা। পৃথিবীতে উদ্দেশ্যহীন বা আকিদাহীন কোন কিছুই নেই। যা কিছু আকিদাহীন তাই অর্থহীন। সুতরাং কোন জাতি, গোষ্ঠী, দল বা আন্দোলনও উদ্দেশ্যহীন হতে পারে না।

আজ যদি কোন কমিউনিস্টকে প্রশ্ন করা যায় যে, তোমরা পৃথিবীময় সংগ্রাম করছ, বহু কোরবানি করেছ, কমিউনিজমকে পৃথিবাতে প্রতিষ্ঠা করার জন্য সশস্ত্র সংগ্রাম করছ, এসব কেন করছ? ঐ কমিউনিস্ট অবশ্যই জবাব দেবেন যে, পৃথিবীতে যে সুদভিত্তিক পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থা চালু আছে সেটার পরিণাম হচ্ছে অর্থনৈতিক অবিচার, শোষণ, অবর্ণনীয় দুঃখ-কষ্ট। কাজেই সেটাকে ভেঙ্গে সেখানে কমিউনিজম চালু করলে সম্পদ সুষ্ঠু বণ্টন হবে, মানুষ খেয়ে পরে বাঁচবে এবং মানুষের ঐ কল্যাণের জন্য পৃথিবীময় কমিউনিস্টরা নিজেদের সব কিছু উৎসর্গ করে সংগ্রাম চালিয়ে যাচ্ছেন- অর্থাৎ মানুষের কল্যাণের জন্য তারা নিজেদের উৎসর্গ করেছেন।

ঠিক ঐ কারণেই অর্থাৎ মানব জাতির বৃহত্তর কল্যাণের জন্য বিশ্বনবীর (দ.) সৃষ্ট জাতি পার্থিব সব কিছ ত্যাগ করে সংগ্রামে ঝাঁপিয়ে পড়েছিলো। শুধু তফাৎ এই যে, কমিউনিস্টরা যে ব্যবস্থা প্রতিষ্ঠা করতে সংগ্রাম করছে তা

মানুষের তৈরি যা শান্তি, ইসলাম আনতে পারবে না, আরও অশান্তি সৃষ্টি হবে। Zvi ev¯—v প্রমাণ আমরা ইতোমধ্যেই দেখেছি। কমিউনিজমের পতন হয়ে গেছে প্রায় দুই যুগ হতে চলল।

Avi বিশ্বনবীর (দ.) জাতি, উম্মাহ যে ব্যবস্থা প্রতিষ্ঠা করতে সংগ্রাম করেছিলেন সে ব্যবস্থা হলো স্বয়ং স্রষ্টার তৈরী ব্যবস্থা, দ্বিতীয় তফাৎ হলো মানুষের তৈরী বলে কমিউনিজম মানুষের শুধু অর্থনৈতিক মুক্তির একটা ব্যবস্থা তৈরী করেছে। মানুষের জীবনের অন্যান্য দিক সম্বন্ধে ওটার কোন বক্তব্য নেই। কিন্তু মানুষ শুধু দেহ নয় আত্মাও, শুধু জড় নয় আধ্যাত্মিকও। পক্ষান্তরে আল্লাহ যে জীবনব্যবস্থা দিয়েছেন তা মানুষের দেহের ও আত্মার প্রয়োজনের নিখুঁত সংমিশ্রণ। আল্লাহ বলেন, 'এমনইভাবে আমি তোমাদেরকে একটি মধ্যপন্থী বা ভারসাম্যযুক্ত জাতি হিসাবে সৃষ্টি করেছি (সুরা বাকারা ১৪৩)। এখানে আল্লাহ শব্দ ব্যবহার করেছেন ওয়াসাতা যার অর্থ fvimvg¨h³ (Balanced), মধ্যপন্থী। এই ভারসাম্যযুক্ত জীবনব্যবস্থাকে পৃথিবীতে প্রতিষ্ঠা করে মানব জাতির মধ্যে শান্তি, Bmjvg Avbqb KivB হচ্ছে একমাত্র উদ্দেশ্য, যে জন্য আল্লাহ তার শ্রেষ্ঠ ও শেষ নবীকে (দ.) পৃথিবীতে পাঠিয়েছেন। যে কাজ এক জীবনে সমাপ্ত করা অসম্ভব, সে কাজের ভিত্তি তিনি স্থাপন করলেন সর্বাত্মক ও বহুমুখী সংগ্রামের মাধ্যমে সমগ্র আরব উপদ্বীপকে এই শেষ জীবন বিধানের অধীনে এনে। এই সময়ের মধ্যে অর্থাৎ তার জীবিত কালের সংগ্রামের মাধ্যমে তিনি তাঁর সৃষ্ট জাতিকে হাতে কলমে শিখিয়ে গেলেন ইসলামের উদ্দেশ্য (সমস্ত পৃথিবীতে এই জীবন বিধান cwZôv করে মানব জাতির মধ্যে শান্তি, ইসলাম, স্থাপন করা) ও প্রক্রিয়া (সালাত, সওম, হজ্ব , যাকাত ইত্যাদি)। এবং তার সৃষ্ট জাতিকে গভীরভাবে উপলব্ধি কোরিয়ে গেলেন যে তার অসমাপ্ত কাজ সমাপ্ত করার দায়িত্ব তার (দ.) পরে তাদের উপর সম্পূর্ণভাবে অর্পিত হবে। যারা এ দায়িত্ব পালন করবে না তারা Aar তার জাতিভুক্ত থাকবে না।

আজকে সারা পৃথিবীতে ১৬০ কোটি মানুষ আছে যারা নিজেদেরকে উম্মতে মোহাম্মদী বলে মনেপ্রাণে বিশ্বাস করেন কিন্তু তারা জানেন না উম্মতে মোহাম্মদী হিসাবে কী তাদের দায়িত্ব। তাদের বিশ্বাস নামায রোজা করাই তাদের একমাত্র কাজ। আরও ভালো উম্মতে মোহাম্মদী হতে নামায রোযা ইত্যাদি উপাসনাগুলিই আরও বেশি বেশি করতে হবে। তারা ভুলেই গেছেন তাদের সৃষ্টিই হয়েছে আল্লাহর দেওয়া সত্য জীবনব্যবস্থা পৃথিবীতে প্রতিষ্ঠার সংগ্রাম করার উদ্দেশ্যে। তা না করে এই জাতি পশ্চিমা বস্তুবাদী 'সভ্যতা' অর্থাৎ দাজ্জালের দেওয়া বিভিন্ন মতবাদ, জীবনব্যবস্থা যেমন গণতন্ত্র, সাম্যবাদ, একনায়কতন্ত্র ইত্যাদি মেনে নিয়ে আর নামায রোযা করে জীবন কাটিয়ে দিচ্ছেন। তারা জানেনও না যে তারা আর রসুলের জাতিভুক্ত নেই, মো'মেন মুসলিমও নেই। আল্লাহর দৃষ্টিতে তারা কেবল কাফের মোশরেক Ges Awfkß A_vr gvjvDb|

কার্লমার্কস, কমিউনিজম বলে একটি জীবনব্যবস্থা সৃষ্টি করেছেন। এটাও একটা দীন এবং অবশ্যই এই আশা নিয়ে যে তার অনুসারীরা একে সমস্ পৃথিবীময় প্রতিষ্ঠা করবে এবং তা করতে সর্বরকম সংগ্রাম করবে। তার অনুসারীরা তা করেছেও। অর্থনৈতিক অবিচার, অন্যায়কে শেষ করে সুবিচার প্রতিষ্ঠার সংগ্রামে তারা অসীম ত্যাগ, সাধনা, সংগ্রাম, সশস্ত্র সংগ্রামের মাধ্যমে cথিবীর এক বিরাট অংশে তাদের আদর্শ প্রতিষ্ঠা করেছে। আজ বা ভবিষ্যতে যদি কমিউনিস্টরা তাদের উদ্দেশ্য ভুলে যেয়ে কার্ল মার্কসের ব্যক্তিগত অভ্যাসগুলিকে অনুকরণ করতে থাকে তবে মার্কস কি তাদের অনুসারী কমিউনিস্ট স্বীকার করবেন? এই প্রশ্নটাই করেছিলাম একজন উৎসর্গকৃত প্রাণ যুবক কমিউনিস্ট কর্মীকে। বলেছিলাম 'আচ্ছা বলতো! ভবিষ্যতে কখনো মার্কস কবর থেকে উঠে এসে যদি দেখেন যে, তোমরা কমিউনিজমকে পৃথিবীতে প্রতিষ্ঠার সংগ্রাম ত্যাগ করেছে। শুধু তাই নয়, যে পুঁজিবাদী ব্যবস্থা ধ্বংস করার জন্য তিনি সংগ্রাম শুরু করেছিলেন সেই পুঁজিবাদকে তোমরা গ্রহণ করেছ, তোমাদের সংবিধান বাদ দিয়ে জাতীয় জীবনে পাশ্চত্যের

ধনতান্ত্রিক গণতন্ত্র প্রতিষ্ঠা করেছ, কিন্তু ব্যক্তি জীবনে তোমরা কমিউনিজম বিশ্বাসী, তোমরা মার্কসের মতো চুল দাড়ি রাখ, তার মতো হ্যাট পরো, তার মতো কাপড় পরো, মার্কস যে কাতে ঘুমাতেন তোমরাও সেই কাতে শোও, যেভাবে দাঁত মাজতেন সেইভাবে মাজ, হাতে কাস্ে nvZড়ী মার্কা ব্যাজ পরো, সুর করে দ্যাস ক্যাপিটাল পড় এবং কে কত সুন্দর সুর করে তা পড়তে পারে তার প্রতিযোগিতা করে পুরস্কার দাও এবং এসব করে সত্যি বিশ্বাস কর যে তোমরা অতি উৎকৃষ্ট কমিউনিস্ট এবং মার্কসের বিশ্বস্থ অনুসারী- তবে মার্কস কি করবেন? কমিউনিস্ট কর্মীটি অবাক বিস্ময়ে কিছুক্ষণ আমার দিকে তাকিয়ে থেকে বললো, তা কী করে সম্ভব? আমাদের কমিউনিস্ট বলেই স্বীকার করবেন না। আমরা যদি পুঁজিবাদী গণতন্ত্রই গ্রহণ করি তবে আমরা আর কমিউনিস্ট রইলাম কি করে? বললাম, ধরে নাও না তাই করলে, করলে মার্কস কি করবেন? একটু চিন্া করে সে বললো, আমাদের কমিউনিস্ট বলেই স্বীকার করবেন না। 'আমাদের গায়ে থুথু দেবেন'। অনুরূপ অবস্থায় মহানবী (দ.) কি করবেন তা আমাদের কষ্ট করে অনুমান করতে হবে না। কারণ সে কথা তিনি (দ.) আমাদের আগেই বলে দিয়েছেন। হাশরের দিন আল্লাহর রসুল (দ.) সবার আগে হাউসে কাওসারে পৌঁছে যাবেন, তারপর তার উম্মতের মানুষ তার সামনে দিয়ে যেতে থাকবে আর তিনি (দ.) তাদের কাওসারের পানি পান করাতে থাকবেন, যে পানি পান করলে মানুষ আর কখনও তৃষ্ণার্ত হয় না। এর মধ্যে এমন একদল মানুষ আসবে যারা কাওসারের পানি পান করতে অগ্রসর হলেও রসুলাল্লাহ (দ.) ও তাদের মধ্যে এক প্রতিবন্ধকতার সৃষ্টি করা হবে। তখন তিনি বলবেন, এরাতো আমার লোক অর্থাৎ আমার উম্মত। তখন বলা হবে অর্থাৎ আল্লাহ বলবেন, আপনি জানেন না আপনার পর আপনার উম্মাহর ঐসব লোক আপনি যে দীন রেখে এসেছিলেন তার মধ্যে কি কি বেদা'ত করেছে। এই কথা শুনে ব্যাপারটা বুঝে wekbex (`.) H mg¯ লোকদের বলবেন, দূর হও! দূর হও! যারা আমার ci দীনে বেদা'ত করেছ। আল্লাহ রসুলের (দ.) মাধ্যমে যে দীন, জীবনব্যবস্থা

মানব জাতিকে দিয়েছেন তা পরিপূর্ণ, তাতে কোন কিছু নতুন সংযোজন হলো বেদা'ত। এই বেদা'তকে, সংযোজনকে মহানবী (দ.) শেরক বলেছেন, কারণ এটা করা মানে আল্লাহর সার্বভৌমত্বকে অস্বীকার করা, এবং প্রকারান্তরে বj¥ যে আল্লাহর দীন পূর্ণ নয়। শুধু নতুন সংযোজনই যদি শেরক হয়, যে শেরক আল্লাহ প্রতিজ্ঞা করেছেন মাফ করবেন না বলে, তবে শুধু সংযোজন নয়, দীনের সর্বপ্রধান অর্থাৎ জাতীয় ভাগটিকে রাজনৈতিক, অর্থনৈতিক, আইন-কানুন, দণ্ডবিধি ইত্যাদি বর্জন করে সেখানে পাশ্চাত্যের মানুষের তৈরী ব্যবস্থা জীবনে প্রয়োগ করে রসুলের (দ.) ব্যক্তিগত সুন্নাহগুলি পালন করে যারা নিজেদের উম্মতে মোহাম্মদী বলে মনে করে আত্মপ্রবঞ্চনায় ডুবে আছেন তাদের কী অবস্থা হবে?

আল্লাহ যখন নবীকে (দ.) বেদা'তকারীদের পানি পান করাতে বাধা দেবেন তখন বোঝা গেল তারা আর নবীর (দ.) উম্মত নয়। যদিও আপাতদৃষ্টিতে তারা অবশ্যই তার উম্মত ছিলো, নইলে মহানবী (দ.) প্রথমে একথা কেন বোলবেন যে, ওরাতো আমার লোক, অর্থাৎ আমার উম্মত। ঐ লোকগুলি আজকের "উম্মতে মোহাম্মদী"। দৃশ্যতঃ এত উৎকৃষ্ট উম্মতে মোহাম্মদী যে আল্লাহর সর্বশ্রেষ্ঠ রসুল পর্যন্ত প্রায় ধোঁকায় পতিত হবেন। আল্লাহ বাধা না দিলে তো কাওসারের পানি পান করিয়েই দিতেন। কাপড়ে চোপড়ে, চলাফেরায়, কথাবার্তায়, খাওয়া দাওয়ায়, শোয়ায় তারা উৎকৃষ্ট সুন্নাহ পালনকারী কিন্তু আসলে বেদা'ত ও শেরকে নিমজ্জিত। যাত্রাদলের কাঠের বন্দুক দেখতে একদম বন্দুক, কিন্তু তা থেকে গুলি বের হয় না। এরা নিজেদের ফাঁকি দিচ্ছেন, অন্যকে ফাঁকি দিচ্ছেন এবং কেয়ামতে আর একটু হলেই একেবারে স্বয়ং নবী করীম (দ.) কেই ফাঁকি দিয়ে ফেলেছিলেন আর কি! এই উম্মাহর একমাত্র সাফায়াতকারী তিনি। তিনি যদি আমাদেরকে তাঁর উম্মাহ বলে স্বীকার না করেন, দূর হও! দূর হও! বলে তাড়িয়ে দেন, তবে জাহান্নাম ছাড়া আমাদের আর কোন জায়গা নেই।

Gg\g্যযামান জনাব মোহাম্মদ বায়াজীদ খান পন্নীর লেখা থেকে

অন্ধ বিশ্বাস নয়, যুক্তিই ঈমানের ভিত্তি

এই দীনের প্রায় সকল আলেম একমত যে, আকিদা সহীহ না হলে ঈমানের কোনো দাম নেই। সেই মহা গুরুত্বপূর্ণ আকিদা বিষয়টি কী তা ভালো করে বুঝে নেওয়া অতীব জরুরি। বর্তমানে ঈমান ও আকিদা একই বিষয় বলে ধরা হয়, আসলে তা ঠিক নয়। ঈমান শব্দের অর্থ বিশ্বাস। আর আকিদা শব্দের অর্থ হলো কোনো বিষয় সম্বন্ধে সঠিক ও সম্যক ধারণা (Comprehensive concept)। কোনো জিনিস কী উদ্দেশ্যে তৈরি করা হয়েছে তা সঠিকভাবে জানার নামই হলো আকিদা অর্থাৎ ঐ জিনিস সম্পর্কে আকিদা সহীহ হওয়া। h\দ কোনো জিনিসের উদ্দেশ্য সম্পর্কে জানা ভুল হয় তাহলে ঐ জিনিসের উপর করা যাবতীয় কাজও ভুল হয়ে যাবে। যেমন একটা গাড়িকে বানানোর উদ্দেশ্য হলো আপনাকে এক স্থান থেকে অন্য স্থানে আনা নেওয়া করা। ঐ উদ্দেশ্য পূরণার্থে অর্থাৎ সহজ করার লক্ষ্যে, আরামদায়ক করার লক্ষ্যে এর ভেতরে বসার জন্য চামড়ার নরম গদি বসানো হয়। গান শোনার জন্য ক্যাসেট প্লেয়ার বা সঙ্গীতের ব্যবস্থা করা হয়। গরম বা ঘাম থেকে বাঁচার জন্য শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বসানো হয়। এসব ব্যবস্থা দেখে যদি কেউ মনে করে এটা একটা বাড়ি এবং এটাকে বানানো হয়েছে বসবাস করার জন্য, তাহলে ঐ গাড়ি সম্পর্কে তার আকিদা ভুল হয়ে গেল। সুতরাং সেই ব্যক্তি যেহেতু এর আসল উদ্দেশ্য জানে না, সেহেতু সে এই গাড়ি চড়ে একস্থান থেকে অন্যস্থানে যাবে না, সুতরাং তার গাড়িটি অর্থহীন হয়ে যাবে যদি তা পৃথিবীর সবচাইতে দামি গাড়িও হয়। সুতরাং আমাদের ভালো করে জানা দরকার যে, আল্লাহ আমাদের কেন সৃষ্টি করেছেন, মানুষ সৃষ্টির উদ্দেশ্য কী, নবী রসুল প্রেরণের উদ্দেশ্য কী, কেতাব প্রেরণের উদ্দেশ্য কী, জাতি গঠনের উদ্দেশ্য কী,

সালাহ্, সওম, হজ্ব, যাকাহ্, ইত্যাদি দেওয়ার উদ্দেশ্য কী? এসব বিষয়ের সঠিক উদ্দেশ্য জানা না থাকলে আমল করেও কোনো ফল পাওয়া যাবে না।

রসুলাল্লাহর পৃথিবীতে আগমনের উদ্দেশ্যঃ

আল্লাহ্ পবিত্র কোর'আনের অন্ত তিন স্থানে বলেছেন, "হেদায়াহ ও সত্যদীন দিয়ে আমি আপন রসুল প্রেরণ করেছি, তিনি যেন এটাকে (হেদায়াহ ও সত্যদীনকে) অন্যান্য সমস্ দীনের উপর বিজয়ী করেন (সুরা-dvZvn: 28, miv-md: 9, miv-তওবাঃ ৩৩)। এই আয়াতে পরিষ্কার দুটি বিষয় দেখা যায়। প্রথমটি হলো হেদায়াহ ও সত্যদীন আর দ্বিতীয়টি হলো অন্যান্য সমস্ দীনের উপর এই হেদায়াহ ও সত্যদীনকে প্রতিষ্ঠা করা। তাহলে একথা পরিষ্কার হয়ে যায় যে, আমাদের মহানবীর উপর নাজেল করলেন হেদায়াহ ও সত্যদীন এবং তাঁকে দায়িত্ব দিলেন এটাকে প্রতিষ্ঠা করার জন্য। এই কাজ করার জন্য নীতি হিসাবে দিলেন সর্বাত্মক সংগ্রামেi| Avjvni imj ZvB বলেছেন- আমি আদিষ্ট হয়েছি মানবজাতির বিরুদ্ধে সংগ্রাম (কেতাল) চালিয়ে যেতে যে পর্যন্ bv mg¯ মানুষ আল্লাহকে একমাত্র এলাহ এবং আমাকে তাঁর রসুল বলে মেনে নেয় (হাদিস- আবদাল্লাহ্ বিন ওমর (রাঃ) থেকে- বোখারী, মেশকাত)। যতদিন এই প্রত্যক্ষ দুনিয়ায় তিনি ছিলেন এক দেহ এক প্রাণ হয়ে তিনি এবং তাঁর সঙ্গীরা সংগ্রাম চালিয়ে গেছেন। এই কঠিন সংগ্রামের মাধ্যমে তিনি এবং তাঁর সঙ্গীরা তদানীন্ন আরবের এক বিরাট এলাকা আল্লাহর হুকুমের অধীনে নিয়ে আসলেন। তারপর তিনি প্রভুর ডাকে সাড়া দিয়ে চলে গেলেন, তবে যাওয়ার আগে তার বাকি কাজ অর্থাৎ সর্বাত্মক মংগ্রামের মাধ্যমে বাকি দুনিয়াতে দীনুল হক প্রতিষ্ঠা করার ভার দিয়ে গেলেন তার সৃষ্ট জাতির উপর, তার উম্মাহর উপর। বিশ্বনবীর লোকান্তরের সঙ্গে সঙ্গে তার উম্মাহ তাদের বাড়িঘর, স্ত্রী-cÎ, e¨emvq-evwYR¨ GK K_vq `wbqv ত্যাগ করে তাদের প্রাণপ্রিয় নেতার অসমাপ্ত কাজ পূর্ণ করতে দেশ ছেড়ে বাইরে বেরিয়ে পড়েছিল। মাত্র দশ বছরের মধ্যে তদানীন্b `wU wekkw³ রোমান এবং পারসিক সাম্রাজ্য উম্মতে মোহাম্মদীর সামনে তুলোর মতো উড়ে

গেল এবং অর্ধ-পৃথিবীতে আল্লাহর সত্যদীন প্রতিষ্ঠা হলো। ৬০/৭০ বছর পর দুর্ভাগ্যজনকভাবে পরবর্তী উম্মাহ তাদের আকিদা ভুলে গেল। ভুলে গেল কেন তাদের তৈরি করা হলো। তাদের তৈরি করা হয়েছিল কঠোর অধ্যবসায় অক্লান্ত পরিশ্রম এবং সংগ্রামের মাধ্যমে সমস্ত দুনিয়াতে আল্লাহর সত্যদীন প্রতিষ্ঠার মাধ্যমে মানবজীবন থেকে অন্যায়, অশান্তি, h×, i³cvZ, ¶av, দারিদ্র্য ইত্যাদি দূর করে এক অনাবিল শান্তি cwZôv Kivi Rb¨|

এই দীনের সকল বিকৃতির মূল কারণ হলো আকিদার বিকৃতিঃ

ইসলামের আকিদা যখন বিকৃত হতে আরম্ভ করে, তখন থেকে একটা একটা করে প্রতিটি বিষয়েই বিকৃতি ও ভ্রান্তি প্রবেশ করতে থাকে। আকিদার বিকৃতির অন্যতম ফল হিসাবে দেখা দেয় অন্ধ বিশ্বাস। বর্তমানে ইসলামের শত্রুরা যে সমস্ত কারণে ইসলামের বিরুদ্ধে অপপ্রচার করে থাকে, AÜwekvm তার মধ্যে একটি। তাদের এই মনোভাবের পেছনে প্রকৃত ইসলাম সম্পর্কে অজ্ঞানতা বহুলাংশেই দায়ী। আকিদা বিকৃত হয়ে গিয়েছিল বলেই সর্বশ্রেষ্ঠ ও সর্বপ্রধান দায়িত্ব ও কর্তব্য ত্যাগ করেছিল। অর্থাৎ মহানবী (দ.) ও তাঁর সাক্ষাত অনুসারী আবু যার (রা.) বলেছিলেন, "জেহাদ হচ্ছে এই জাতির সবচেয়ে বড় দায়িত্ব, সবচেয়ে বড় কর্তব্য।" আর আবু বকর (রা.) খলিফা নির্বাচিত হয়ে তাঁর প্রথম ভাষণেই বলেছিলেন, "হে মুসলিম জাতি, তোমরা কখনও জেহাদ ত্যাগ করো না। জাতি জেহাদ ত্যাগ করলে আল্লাহ তাকে অপমান, অপদস্থ না করে ছাড়েন না।" ঐ আকিদা বিকৃত না হলে তো আর জেহাদ ত্যাগই করা হতো না। তাই বলা যায়, আকিদার বিকৃতিই সংগ্রাম ত্যাগ করার কারণ। ঐ আকিদা বিকৃত হয়ে এই আকিদা স্থান করে নিল যে নামায, রোযা, হজ্ব, যাকাত ও অন্যান্য নানা রকম 'ধর্ম পালন' করলেই ভালো মুসলিম হওয়া যায় ও আল্লাহর সন্তুষ্টি লাভ করা যায় এবং আল্লাহর রসুলের (`.) KZ¸wj e¨w³MZ Afyাস নকল করা হলেই তার সুন্নাহ পালন করা হয়। এই বিকৃতির অবশ্যম্ভাবী ফল এই হলো যে- কেমন করে ঐ 'ধর্মকর্ম' পালন করলে তা নিখুঁত হয় তা নিয়ে গবেষণা, চুলচেরা বিচার। ঐ বিচারের

ফলে স্বভাবতঃই নানা অভিমত ও নানা সিদ্ধান্ত; ঐ সব সিদ্ধান্তেi Dci wfwË করে এই জাতির বিভিন্ন মাজহাবে, ফেরকায় বিভক্তি ও শত্রুর হাতে পরাজয় ও ঘৃণ্য দাসত্ব, আবু বকরের (রা.) সাবধানবাণীর সত্যায়ন। চিন্তা করলে দেখা যায় আবু বকরের (রা.) ঐ সাবধান বাণীর মর্মার্থ আরও গভীর ছিল। কারণ এই দীনে যে হাজার রকম বিকৃতি আজ পর্যন্ত এসেছে সবগুলোর মূলে ঐ সংগ্রাম ত্যাগ। স্বভাবতই, কারণ যে কোনো জিনিসেরই মূল লক্ষ্য, উদ্দেশ্য হারিয়ে গেলে বাকি যা থাকে তা অর্থহীন, বিকৃত হয়ে যায়। এ দীনেরও তাই হয়েছে এবং ঐ সর্বাবিধ বিকৃতির একটি হচ্ছে, অন্ধ বিশ্বাস।

ইসলামে অন্ধ বিশ্বাসের কোনো স্থান নেই:

আল্লাহর কোর'আন যিনি ভাসাভাসা ভাবেও একবার পড়ে গেছেন তিনিও লক্ষ্য না করে পারবেন না যে- চিন্তা-ভাবনা, যুক্তির উপর আল্লাহ কত গুরুত্ব দিয়েছেন। "তোমরা কি দেখো না? তোমরা কি চিন্তা করো না?" এমন কথা কোর'আনে এতবার আছে যে সেগুলোর উদ্ধৃতি কোনো প্রয়োজন করে না। এখানে শুধু দু'একটির কথা বলছি এর গুরুত্ব অনুধাবনের জন্য। চিন্তা-fvebv, KviY I hw³i Dci Avjvn AZLiনি গুরুত্ব দেওয়া থেকেই প্রমাণ হয়ে যায় যে এই দীনে অন্ধ বিশ্বাসের কোনো স্থান নেই। তারপরও তিনি সরাসরি বলছেন-"যে বিষয়ে তোমাদের জ্ঞান নেই (অর্থাৎ বোঝ না) তা গ্রহণ ও অনুসরণ করো না। নিশ্চয়ই তোমাদের শোনার, দেখার ও উপলব্ধির প্রত্যেকটিকে প্রশ্ন করা হবে (কেয়ামতের দিনে) (সুরা বfb BmivBj 36)|Ó কোর'আনের এ আয়াতের কোনো ব্যাখ্যা প্রয়োজন করে না। অতি সহজ ভাষায় আল্লাহ বলছেন জ্ঞান, যুক্তি-বিচার না করে কোনো কিছুই গ্রহণ না করতে। অন্য বিষয় তো কথাই নেই, সেই মহান স্রষ্টা তার নিজের অস্তিত্ব সম্বন্ধেও কোর'আনে বহুবার বহু যুক্তি দেখিয়েছেন। অথচ তাঁর নিজের অস্তিত্বসম্পর্কে বলার কোনো প্রয়োজন ছিল না, কারণ আল্লাহ কারও ঈমানের মুখাপেক্ষী নন। তারপরও তিনি তাঁর একত্ব, তিনি যে এক, তার কোনো অংশীদার, সমকক্ষ নেই, অর্থাৎ একেবারে তার ওয়াহদানিয়াত (একত্ব) ও

উলুহিয়াত (সার্বভৌমত্ব) সম্পর্কেই যুক্তি তুলে ধরেছেন। বলছেন- “বল (হে মোহাম্মদ), মোশরেকরা যেমন বলে তেমনি যদি (তিনি ছাড়া) আরও সার্বভৌমত্বের অধিকারী (এলাহ) থাকত তবে তারা তাঁর সিংহাসনে (আরশে) পৌঁছতে চেষ্টা কোরত (সুরা বনি ইসরাইল ৪২)। আবার বলছেন- ÒAvjvn কোনো সন্দান জন্ম দেন নি; এবং তার সাথে আর অন্য কোনো সার্বভৌম (এলাহ) নেই, যদি থাকত তবে প্রত্যেকে যে যেটুকু সৃষ্টি করছে সে সেইটুকুর পৃষ্ঠপোষকতা করত এবং অবশ্যই কতগুলি (এলাহ-সার্বভৌম হুকুমদাতা) Ab¨ KZK¸wji (Gjvn) Dci cvavb¨ we¯ার করত (সুরা মো’মেনুন ৯১)।” এমনি আরও বহু আয়াত উল্লেখ করা যায় যেগুলিতে আল্লাহ মানুষের জ্ঞান, বিবেক, যুক্তির, চিন্দার প্রাধান্য দিয়েছেন, সব কিছুতেই ঐগুলি ব্যবহার করতে বলেছেন, চোখ-কান বুঁজে কোনো কিছুই অনুসরণ করতে নিষেধ করেছেন। আল্লাহ যেমন একেবারে তার নিজের অস্তিত্ব ও একত্বের ব্যাপারেও যুক্তি উপস্থাপিত করেছেন, (একটু পেছনেই যা উল্লেখ করে এলাম) তেমনি তার রসুল (দ.) তার ঈমান অর্থাৎ বিশ্বাসের ব্যাপারেও বলছেন- ÔAvgvi ঈমানের ভিত্তি ও শেকড় হলো যুক্তি।’ এছাড়া কোর’আনময় আল্লাহ তাঁর সার্বভৌমত্বের সম্পর্কে যুক্তি উত্থাপন করে গেছেন এবং বলেছেন এবং কারও সাধ্য থাকলে তা খণ্ডানোর আহ্বান (Challenge)। তিনি যে দীন মানবজাতিকে দান করেছেন তা গ্রহণ করে নিতে তিনি মানবজাতিকে জোর না করে তিনি তার দীনের শ্রেষ্ঠত্ব যুক্তিসহকারে উপস্থাপন করেছেন এবং তা মেনে নেওয়ার আহ্বান জানিয়েছেন। প্রশ্ন করেছেন, “যিনি সৃষ্টি করেছেন তিনি কি জানেন না? তিনি সূক্ষ্মতম বিষয়ও জানেন” (সুরা মূলক ১৪)।

ইসলামে অন্ধ বিশ্বাস কোনোভাবেই স্বীকৃত নয়। ইসলামের অপর নাম দীনুল ফেতরাত বা প্রাকৃতিক দীন যা স্বাভাবিককের উপর, যুক্তির উপর প্রতিষ্ঠিত। অন্ধ বিশ্বাস তো দূরের কথা আল্লাহ ও রসুলের (দ.) প্রেমে ও শ্রদ্ধায় আপ্লুত হয়েও যে যুক্তিকে ত্যাগ করা যাবে না, তা তাঁর উম্মাহকে শিখিয়ে গেছেন gvbeজাতির সর্বশ্রেষ্ঠ শিক্ষক মোহাম্মদ (দ.)। একটি মাত্র শিক্ষা এখানে

উপস্থাপন করছি। ওহোদের যুদ্ধ শুরু হওয়ার সময় তাঁর তলোয়ার উঁচু করে ধরে বিশ্বনবী (দ.) বললেন- "যে এর হক আদায় করতে পারবে সে এটা নাও।" ওমর বিন খাত্তাব (রা.) লাফিয়ে সামনে এসে হাত বাড়িয়ে বললেন- ÒBqv imjvjvn (`.)! Aমাকে দিন, আমি এর হক আদায় করব।" মহানবী (দ.) তাকে তলোয়ার না দিয়ে অন্যদিকে ঘুরে আবার বললেন- "যে এর হক আদায় করতে পারবে সে নাও।" এবার অন্যতম শ্রেষ্ঠ সাহাবা যুবায়ের বিন আল আওয়াম (রা.) লাফিয়ে এসে হাত বাড়ালেন- ÒAvwg Gi nK Av`vq করব।" আল্লাহর রসুল (দ.) তাকেও তলোয়ার না দিয়ে অন্যদিকে ঘুরে আবার ঐ কথা বললেন, এবার আনসারদের মধ্যে থেকে আবু দোজানা (রা.) বিশ্বনবী (দ.) সামনে এসে প্রশ্ন করলেন- "হে আল্লাহর রসুল! এই তলোয়ারের হক আদায়ের অর্থ কি?" রসুলাল্লাহ জবাব দিলেন- ÒGB তলোয়ারের হক হচ্ছে এই যে এটা দিয়ে শত্রুর সঙ্গে এমন প্রচণ্ডভাবে h× করা যে এটা দুমড়ে, ভেঙ্গে চুরে যাবে।" আবু দোজানা (রা.) বললেন- 'আমায় দিন, আমি এর হক আদায় করব।" বিশ্বনবী (দ.) আবু দোজানা (রা.) হাতে তাঁর তলোয়ার উঠিয়ে দিলেন (হাদিস ও সিরাতে রসুলাল্লাহ- মোহাম্মাদ বিন এসহাক)। একটা অপূর্ব দৃষ্টান্ত- শিক্ষা যে, অন্ধবিশ্বাস ও আবেগের চেয়ে ধীর মস্তিষ্ক, যুক্তির স্থান কত ঊর্ধ্বে। ওমর (রা.) ও যুবায়ের (রা.) এসেছিলেন আবেগে, স্বয়ং নবীর (দ.) হাত থেকে তাঁরই তলোয়ার! কত বড় সম্মান, কত বড় বরকত ও সৌভাগ্য। ঠিক কথা। কিন্তু আবেগের চেয়ে বড় হলো যুক্তি, জ্ঞান। তারা আবেগে ও ভালোবাসায় জিজ্ঞাসা করতে ভুলে গেলেন যে মহানবী (দ.) যে হক আদায় করার শর্ত দিচ্ছেন, সেই হকটা কী? আবু দোজানার (রা.) আবেগ ও ভালোবাসা কম ছিল না। কিন্তু তিনি আবেগে যুক্তিহীন হয়ে যান নি, প্রশ্ন করেছেন- কী ঐ তলোয়ারের হক? হকটা কী তা না জানলে কেমন করে তিনি তা আদায় করবেন? বিশ্বনবী (দ.) যা চাচ্ছিলেন আবু দোজানা (রা.) তাই করলেন। যুক্তিসঙ্গত প্রশ্ন করলেন এবং তাকেই তাঁর তলোয়ার দিয়ে সম্মানিত করলেন। এখানে লক্ষ্য করার বিষয়

হচ্ছে যুক্তিকে প্রাধান্য না দেওয়ায় মহানবী (দ.) প্রত্যাখ্যান করলেন কাদের? একজন তাঁর শ্বশুর এবং ভবিষ্যৎ খলিফা, অন্যজন শ্রেষ্ঠ সাহাবাদের অন্যতম, এবং দু'জনেই আশারায়ে মোবাশশারাহর অন্তর্ভুক্ত, অন্যদিকে আবু দোজানা এসব কিছুই নন, একজন সাধারণ আনসার। তবু যুক্তিকে প্রাধান্য দেয়ায় ঐ মহা সম্মানিত সাহাবাদের বাদ দিয়ে তাকেই সম্মানিত করলেন। প্রশ্ন হচ্ছে- আবু দোজানার (রা.) আবেগ, বিশ্বনবীর (দ.) প্রতি তার ভালোবাসা কি ওমর (রা.) বা যুবায়েরের (রা.) চেয়ে Kg wQj? bv, Kg wQj bv, Zvi cgvY বিশ্বনবীর (দ.) দেয়া তলোয়ারের হক তিনি কেমন করে আদায় করেছিলেন তা ইতিহাস থেকে পাওয়া যায়।

আকলের বেশি কেউ কোনো পুরস্কার পাবে নাঃ

